## প্রাক্কতিক বিজ্ঞানের স্থূল মর্ম।

৺হেমেন্দ্রনাথ ঠাকুর কর্ত্তৃক প্রণীত এবং

শ্রীযুক্ত রামেন্দ্রস্থন্দর ত্রিবেদী **এম্, এ,** কর্ত্তৃক সম্পাদিত।

কলিকাতা, সাহিত্য-যন্ত্রে শ্রীনন্দলাল চটোপাধ্যায় দারা মুদ্রিত এবং ৫৫, অপার চিৎপুর রোড, 'আদি ব্রাহ্মসমাজ কার্য্যালয় হইতে প্রকাশিত। বৈশাধ, ১৮১৯ শক।

মূল্য ৬০ বার আনা মাত্র

## क्षेत्रमः त्नाथन ।

পৃষ্ঠা	পং <b>ক্তি</b>	অভদ	<b>ওছ</b>
>>	ទំន	বহ্নিমান্	বহুিমান
88	໌ເ	isolated	insulated
98	2	নিয়মান্ত্সারো	নিয়মা <b>ত্</b> সারে
ঠ	•	<b>দার</b>	ঘারা
<b>৮</b> ৮	¢	<b>हक्षन, मः</b> रकोहा	<b>हक्ष</b>
<b>२</b> ६	•	<b>জভতাত্মারে</b>	ক্রততাহ্বারে
20	20	আলোক	আলোকের

#### প্রকাশকের নিবেদন।

শরলোকগত পূজাপাদ পিতৃদেব এই পুস্তকথানি চিবিশে বংসর পূর্ব্বে প্রণয়ন করিয়াছিলেন। তাঁহার হস্তলিপি গ্রন্থের প্রারম্ভেই "ওরা জৈচি , ১৭৯৫ শক, বহুস্পতিবার" এইরূপ লিখিত হইরা গ্রন্থ রচনার সময় স্পষ্টাক্ষরে নির্দিষ্ট করিতেছে। এই সময়ে পিতৃদেব আরও কয়েকগানি বিজ্ঞানগ্রন্থ রচনা করিয়াছিলেন। ব্দগুলিও হস্তলিপিতেই রহিয়াছে। আমরা অবসরমত সেগুলি প্রকাশ করিতে চেষ্টা করিব্।

এই পৃস্তকের সম্পাদনভার আমরা বিজ্ঞানপারদর্শী পরম স্থল্বর প্রীযুক্ত রামেক্সফ্রন্সর ত্রিবেদী এম, এ মহোদয়ের হল্তে অর্পণ করিয়াছিলাম। তিনি যেরপ সদাশয়তা ও যড়ের দহিত এই কার্য্য সম্পন্ন করিয়াছেন, তাহাতে আমরা তাঁহার নিকট চিরশ্বণপাশে আবদ্ধ রহিলাম বলিলেও আমাদের অন্তরের গভীর ক্বতজ্ঞতা স্থব্যক্ত হয় না।

সর্ব্বোপরি যে মঙ্গলমন্ধ দেবদেবের আশীর্বাদে নানা বাধা বিশ্ব অপসারিত হইয়া গিয়াছে, গ্রন্থারস্তে তাঁহাকেই নমস্কার করিয়া গ্রন্থথানি প্রকাশ করিতেছি। ইহা সর্বতো-ভাবে তাঁহারই মহিমা ধ্বনিত করিতে থাকুক।

বোড়াসাঁকো, কলিকাডা } প্রীক্ষিতীন্দ্রনাথ ঠাকুর।
বৈশাধ, ১৮১ই শক।

### মুখবন্ধ।

স্বৰ্গীয়' মহোদয় হেমেক্সনাথ ঠাকুর বিজ্ঞান শাস্ত্রেব অবশ্য⊮জ্ঞাতব্য স্থূল কথাগুলি অবলম্বন করিয়া কতকগুলি প্রস্তাব লিধিয়াছিলেন; তন্মধ্যে কতকগুলি এই গ্রন্থে প্রথম প্রকাশিত ইইল। গ্রন্থকার স্বয়ং ইহা প্রকাশ করিলে অনেক স্থলে হয় ত পরিবর্দ্ধিত ও পরিবর্ত্তিও করিতেন। স্বর্গীয় মহোদয়ের কৃতী পুত্র আমার পরমশ্রদ্ধের বন্ধু শ্রীযুক্ত কিতীক্রনাথ ঠাকুর মহাশয় এই রচনাগুলির সাহিত্যমধ্যে স্থায়িত্ব-প্রদান বাঞ্চা করিয়া আমাকে দেখিবার জন্ত অনু-রোধ করেন; এবং আমার প্রতি সামুগ্রহ শ্রদ্ধাপরবশ হইয়া রচনাগুলির সংশোধন ও পরিবর্ত্তনের জন্ম সম্পূর্ণ ক্ষমতা অর্পণ করেন। কিন্তু কয়েকটি কারণে সেই ক্ষমতার প্রয়োগে আমাকে বিশেষ সংক্ষোচ বোধ করিতে হইয়াছে। একটা কারণ, পরলোকগত লেগ্লকের রচনায় হস্তক্ষেপে অপরের কতটা অধিকার আছে, তাহার নিরূপণ হরহ। আর একটা কারণ, আমার ক্বত কার্য্যের বা অকার্য্যের জন্ম পাঠক হয় ত লেথককে দায়ী করিতে পারেন, এই আশহা। এরপ স্থলে দায়িত্ব বড় গুরুতর; কিন্তু সোভাগ্যক্রমে আমাকে সে বিপদে পড়িতে হয় নাই। কেননা প্রায় সম্পূর্ণ অপরিবর্ত্তিত অবস্থাতেই পুস্তক প্রকাশিত হইল; সংশোধনের বা পরি-वर्त्तता अधिक श्रीयाजन देविश्वाम ना।

পুস্তকের ভাষা বোধ হয় পাঠকের নিকট স্থানে স্থানে फिंग ও ছर्त्साथ मत्न इटेरव। किन्न उड्डा बहनात तार দেওয়া চলিবে না। বাঙ্গালা ভাষা এথনও বিজ্ঞান প্রচা-রের উপযোগী হয় নাই : বিজ্ঞানের বাঙ্গালা এখনও গড়িয়া তুলিতে হইবে। ভাষার জভাবে এখনও বিজ্ঞানের গ্রন্থ লিখিতে কেহ সাহদ করেন না। লিখিলেই রচনা অপাঠ্য ও অবোধ্য হইয়া উঠে। এই গ্রন্থে তাড়িতবিজ্ঞান শব্দ-বিজ্ঞান প্রভৃতি বিজ্ঞানের উচ্চতর শাধার সম্বন্ধে প্রস্তাব স্নাছে। এই গ্রন্থের রচনার পূর্বের বোধ হয় এই সকল বিষয়ে কেহ কোন কথা লেখেন নাই, অভাপি সম্যক চেষ্টা হইয়াছে বোধ হয় না। এই গ্রন্থের রচয়িতা এত অস্থবিধা সম্বেও ৰাঙ্গালাভাষায় বৈজ্ঞানিক গ্ৰন্থ লিখিতে সাহসী ও উল্লোগী হইয়া-ছিলেন, তজ্জ্য বঙ্গসাহিত্য তাঁহার নিকট ঋণবদ্ধ থাকিবে।

আর একটু বিস্তৃত করিয়া নিথিলে বোধ হয় সাধারণ পাঠকের ও প্রথম শিক্ষার্থীর পক্ষে স্থবিধা হইত। গ্রন্থকার স্বরং গ্রন্থ প্রকাশের অবসর পাইলে বোধ হয় এ বিষয়ে বিবেচনা করিতেন; কিন্তু এক্ষণে তজ্জ্ব্য পরিতাপ ভিন্ন উপান্নাস্তর নাই।

আমি সাধারণতঃ গ্রন্থের ভাষার উপরে হস্তক্ষেপে সাহসী হই নাই। বিজ্ঞান শাল্প সাধারণের সম্পত্তি; কিন্তু ভাষা ও রচনাপ্রণালী সর্বত্ত লেখকের নিজস্ব সম্পত্তি। বিশৈষতঃ ব লেখকঃ যেখানে সমালোচনার স্পর্শের অতীত, সেখানে তাঁহার নিজস্ব বিষয়ে হস্তক্ষেপে অনধিকার চর্চা ও খুইতা প্রকাশ হয়।

এই কারণে ছই চারিটা শব্দ বা ছুই চারিটা বাকামাত্র ঈষৎ পরিবর্ত্তিত হইয়াছে। পারিভাষিক শব্দের পরিবর্তনে কিছু অধিক মাত্রায় স্বাধীনতা গ্রহণ করিয়াছি। গ্রন্থকার বিবিধ বিজ্ঞানের পারিভাষিক শব্দ সংকলনে বিশ্বেষ উচ্ছোগী ছিলেন। তাঁহার স্বর্রিত অনেক শব্দ এই গ্রন্থে দেখা যাইবে। ইহার মধ্যে অনেকে ভাষায় স্থায়িত্ব লাভ করিবে আশা করি। তাঁহার রচিত ও ব্যবহৃত কতিপয় শব্দ বদ-লাইয়া তাহার স্থানে এথনকার বৈজ্ঞানিক সাহিত্যে প্রচলিত শব্দ দেওয়া গিয়াছে। ব্রাসায়নিক অংশে গ্রন্থকারের রচিত পারিভাষিক শব্দ ব্যতীত আরও কতকগুলি নৃতন শব্দ আমাকে বদাইতে হইয়াছে। কিছু দিন পূর্বে "দাহিত্য পরিষদ্ পত্তিকার" আমি রাসায়নিক পরিভাষা সহঙ্কে একটি প্রস্তাব লিথিয়াছিলাম। ক্ষিতীক্র বাবু ও তাঁহার আত্মীয়বর্গ ঐ প্রস্তাবের প্রতি কৃতকটা পক্ষপাত দেখাইয়াছেন। তাঁহা-দের সম্বতিক্রমে এমন কি অমুরোধক্রমে, আমার অনিচ্ছা সবেও, আমার রচিত ক্তকগুলি রসায়ন সংক্রাস্ত পাূরি- ভাষিক শব্দ এই গ্রন্থে স্থান পাইরাছে। সেই শব্দগুলির উপযোগিতা সম্বন্ধে গ্রন্থকর্ত্বা দায়ী হইবেন না। পঞ্জিষায় ঐ শব্দগুলি তারকাচিহ্নিত করিয়া দেওয়া গেল।

প্রস্থের আকার ক্ষুদ্র, কিন্তু বিষয় বিস্তৃত'। এতগুলি বিষয় এত সন্ধার্ণ ছানে বিশেষ নৈপুণ্যের সহিত বিবৃত্ত হইয়াছে। বিজ্ঞানশাস্ত্র ক্রুত উন্নতিশীল; এমন কি উহার মূল সত্য গুলিরও আকার এই কয় বৎসরে কতক পরিবর্ত্তিত হইয়াছে। প্রস্থরচনার সময় যে আকার ছিল, এখন তাহা নাই। শিক্ষার্থীকে বিজ্ঞানের শেষ কথা শুনানই ব্যবস্থা। সেই অনুরোধে স্থানে স্থানে পরিবর্ত্তন, স্থানে স্থানে ক্রুটনোট যোগ, করিয়া দিতে হইয়াছে। অক্ষ ও সংখ্যা সম্বন্ধে যেখানে স্থল জ্ঞানই যথেষ্ট, সেখানে স্ক্রু হিমাব দিবার চেষ্টা করা যায় নাই।

প্তক ক্ষে ও প্রথম শিক্ষার্থীর জন্ত লিখিত হইলেও ইহার বর্ণনাপ্রণালীতে একটু অসাধারণত আছে। ওন্তাদের হাত অতি সামান্ত কাজেও ধরা পড়ে। জ্ঞানের আহরণে লাভ আছে, কিন্ত জ্ঞানাহরণের প্রকৃষ্ট পন্থা দেখাইতে পারিলে ও সেই পন্থার চলিতে পারিলে আরও লাভ। জ্ঞান আহরণ অনেকেই করিতে পারেন, কিন্ত বৈজ্ঞানিক পদ্ধতিতে সন্তবে চলিতে পারেন না; আপনীর সমগ্র চিন্তাপ্রণালীকে বৈজ্ঞানিক পদ্ধতির সহিত সঙ্গত করিয়া তোলা সকলের সাধ্য নহে। বৈজ্ঞানিক পদ্ধতি গ্রন্থকারের আয়ত্ত ছিল, তাহার পরিচয় এই অতি কুদ্র গ্রন্থ মধ্যেও যথেষ্ঠ পাওয়া यात्र । উদাহরণ স্বরূপ জড়পদার্থের গঠন এবং অণু ও পরমাণুর সম্বন্ধ বিষয়ে যাহা লিখিত হইয়াছে তাহার উল্লেখ করিতে পারি। এই দকল স্থানে ওস্তাদী হাডের পরিচয়; দকল হাতে এমনটুকু বাঁহির হয় না। এই খানে গ্রন্থকারের স্মৃসামান্ত ; অথবা বঙ্গের যে অসামান্ত গৃহত্ব পরিবারকে পোকাচ্ছর করিয়া গ্রন্থকার অকালে প্রস্থান করিয়াছেন, তাহা স্মরণ করিলে ইহাতে বিশ্বয়ের কথা কি ? বঙ্গসাহিত্যের প্রায় সমগ্র অংশ এই অসামাত্র পরিবারের নিকট অশেষ বিষয়ে ঋণগ্রস্ত। আক্ষেপ যে, বাঙ্গালার বৈজ্ঞানিক সাহিত্যও অধিকতর ঋণস্বীকারে অবসর পাইল না।

স্বৰ্গীর মহোদয় বাঙ্গালীর জন্ম বিজ্ঞানপ্রচারে স্বন্থতম পথপ্রদর্শক। বাঙ্গালী বিজ্ঞানশিক্ষার্থীর পক্ষ হইতে তাঁহার স্মৃতির নিকট ক্বতজ্ঞতা স্বীকারের এই অবসর পাইয়া আমি কৃতার্থ ও ধন্ম হইয়াছি।

চৈত্র, ১৮১৮ শক } কলিকাতা;

# স্থচীপত্র।

বিষয়				र्श्वा ।
<b>আ</b> ধ্যাপত্ৰ	•••	•••		1.
ভ্ৰম <b>সংশে</b> গ্ধন	•••	•••	•••	<b>"/•</b>
প্রকাশকের নি	<b>ट</b> वनन	•••	•••	J.
भूथवक .	•••	•••	•••	<b>ル</b> •
স্চীপত্ৰ	•••	•••	.•••	110-
প্রাকৃতিক ঘটন	া ও তাহার	কারণ	1	>
ভার			•	
ভার কি	•••	•••	•••	ર
ভারের অভিমৃ	<b>ধতা</b>	•••	•••	٠
ভারের প্রভাব	•••	•••	•••	e
ভাপ				
তাপের পরিচয়		•••	•••	ъ
ভাপের স্বরূপ	•••	•••	•••	>•
উষ্ণতা	•••	•••	•••	> •
তাপমান যন্ত্ৰ	•••	•••	•••	>•
ৰহ্মিান যন্ত্ৰ		•••	•••	>>
ভাপের কার্য্য	•••	•••	•••	>>
ৰহ্মিন যন্ত্ৰ ছ	ারা বিস্থৃতি	নিক্সপণ	•••	><

ভরন পদার্থের বিস্তৃতি পরীগ	₹1	***	20
বায়্র বিস্তৃতি পরীকা	•••	、	>8
ভাপে পদার্থের অবস্থা পরিব	র্ত্তন	•••	24
বাষ্প	•••	:	>9
বাষ্পের শক্তি 😘	•••	•••	74
প্যাপ্টার আবিষ্কৃত যন্ত্র	•••	•••	<b>&gt;</b> >
তাপ—অফুক্রম ও রশিময়	•••	•••	२०
তাপের প্রতিফলন	• • •	• • •	২৩
চৌম্বক	•••	•••	২৭
टोषक कि ?	•••	•••	२१
দিথীকণ	•••	•••	२৮
ভূগোল চৌম্বক	•••	•••	২৯
তাড়িত	•••	•••	•
ঘৰ্ষণে তাড়িতোৎপত্তি	•••	•••	٥•
তাড়িত যন্ত্ৰ	١٠٠	•••	62
পরিচালক ও ধারক	•••	•••	೨೨
তাড়িত কি	•••	•••	98
ওয়ালের আবিষার	•••	•••	•8
, ফ্রাঙ্কলিনের আবিষ্কার		•••	૭૯

তাড়িত-চৌশ্বক	•••	•••	•••	-19 <i>6</i>
গাল্ফানি	•••	•••	•••	৩৭
ৰণ্টা		; •••	•••	৩৯
বন্টার স্তম্ভ	•••	•••	•••	৫৫
ন্তন্তের বর্তমান	গঠন প্রণা	नी		8¢
উপরোক্ত স্তন্তে	র ক্রিয়াস্থারি	ब्रेष	•••	86
<b>অ</b> য়রপ্তেড-	•••	•••	•,••	86
ভাড়িত-চুম্বক য	ī	• • •	1	•
দিতীয় প্রকার			•••	٤>
আণবিক ক্রিয়া	•••	•••	•••	æ
•	•••	•••	•••	Œ
અંતુ	•••	•••	•••	64
পরমাণু	***		•••	eb
সংগত পদাৰ্থ	,	• • •	•••	eb
পদার্থ—যৌগিক	ও রুঢ়িক	****	•••	63
ভূত সংখ্যা	•••	•••	•••	<b>60</b>
প্রয়োজনীয় কত	কগুলি রুঢ়ি	क भनार्थ	র তালিকা	45
<b>সংগত বা</b> যৌগি			•••	40
পরমাণু সকল সং			•••	40

শুণু সকলও পরম্পর অসংলগ্ন	44
রুঢ়িক ও যৌগিক পদার্থের প্রভেদ	44
<b>আ</b> ণবিক ক্রিয়া—আফর্ষণ ও বিকর্ষণ	49
বান্নবীন্ন পদার্থের স্থিতিস্থাপকতা	9•
পদার্থ সমূহের লক্ষণ	۹۰
শব্দ বিজ্ঞান	
শন্দোৎপত্তিতে ব্যবধান আবশ্রক :	95
<b>मक</b> कि थिकारत अच्छ इत्र	95
শক বলিতে কি ব্ঝায়	92
মন্দ ও ক্রত স্পন্দনে মন্দ্র ও তারস্বরের উৎপত্তি	93
ম্পন্দনের অহভবপ্রণালী	90
স্পন্দনতরঙ্গের আকার	99
শব্দস্পন্দনের বিস্থৃতি	79
<b>আ</b> লোক	
আলোকের কার্য্য	92
সৌরজগৎ-প্রণালীর আভাস	٠ ط
স্থ্য সৌরজগতের আলোক-কেন্দ্র	৮२
ব্রহ্মাণ্ডের নিকট দৌরজগৎ একটি বিন্দু	४२
আকাশ	<b>b</b> 8

ত্মালোফের উৎপত্তি	•••	•••	~ 69
দৃষ্টির কারণ	•••	•••	۵۰
খছ কাহাকে বলে	·	•••	>>
বর্ণের করেণ	•••	•••	>द
আলোকের গতি	•••	•••	8 6
ফিজোর পরীক্ষা	•••	•••	<b>66</b>
ক্ৰ্য্য হইতে বিভিন্ন প্ৰা	হে আলোক	পৌছিতে	
বিভিন্ন সময় লাগে		•••	> • •
সৌরজগতের স্থূল তত্ত্ব			٥ ٥

# প্রাকৃতিক বিজ্ঞানের স্থুল মর্ম।

### প্রাকৃতিক ঘটনা ও তাহার কারণ।

চতুর্দিকে স্বভাবের যে সকল ঘটনা আমাদের প্রত্যক্ষগোচর হয়, এবং যে সকল কারণ হইটিত সেই সকল ঘটনা উৎপন্ন হয়, তাহার শিক্ষাদানই প্রাকৃতিক বিজ্ঞানের উদ্দেশ্য।

্যে সকল কারণ সামান্ততঃ সকল বস্তুরই উপর কার্য্য করে, এবং যাহারা তাহাদিগের বস্তুগত বা দ্রব্যগত ভাব পরিবর্ত্তন না করিয়াও অবস্থান্তর প্রাপিত করে, ইহা কেবল সেই সকল সাধারণ কারণ লইয়াই থাকে।

এই সকল কারণ অল্পসংখ্যক মাত্র। ইহাদিগকে
নিম্নরূপে শ্রেণীবন্ধ করা যাইতে পারে; যথা,—ভার,
তাপ, আণবিক ক্রিয়া, চৌম্বক, তাড়িত, তাড়িতচৌম্বক, শব্দ এবং আলোক। আবার এই এক এক

নামে এক এক বড় বড় বিজ্ঞান-বিভাগ স্থাপিত হইয়াছে।

এখন এই সমস্ত বিভাগকে কতক কতক দৃষ্টান্তের 
দারা সঙ্ক্ষেপে একে একে বিবৃত করিবার চেষ্টা 
করি; তাহা হইলে বুঝিতে পারিব, কত কত ঘটনাশ্রেণী ইহার এক এক বিভাগের অন্তর্নিবিষ্ট হইয়া 
রহিয়াদে।

#### ভার।

ভার কি। যে বল সকল দ্রব্যকেই পৃথীতলে
নিক্ষেপ করে, ভাহাকেই ভার বলে। সকল বস্তুই
ভূমিতে পড়ে, যদি ভাহারা বিধৃত না হয়, (যদি
ভাহাদিগকে কেহ ধরিয়া না রাখে)। এই ঘটনাটী
এমনি স্বাভাবিক ও অবশ্যস্তাবী যে, কেহ ভাবেও না
যে ইহা কেন হয়—কেহ আপনার নিকট হইতে ইহার
হিসাব চাহে না। কিন্তু যখন পরিত্যক্ত প্রস্তুরখণ্ড
ভূমিতে পড়ে; যখন বৃষ্টি, তু্যারশিলা মেঘের উর্দ্ধ
হইতে অধঃপতিত হয়, ভাহারা তখন নিজের স্বাভাবিক

ক্রিয়া দ্বারা আপনাদিগকে স্থানান্তরে চালায় সা। তাহারা প্রাণীও নহে, উদ্ভিদও নহে, কিন্তু অস্থাস্থ নিরিন্দ্রিয় পদার্থের স্থায় জড়ত্বগুণোপেত জড় পদার্থ মাত্র: অর্থাৎ, না তাহারা আপনাকে আপনি গতি দিতে পারে, না অন্যের নিকট হইতৈ যে গতি পায়, তাহাকে কোনঁরপে পরিবর্ত্তিত করিতে পারে,—না তাহাকে কমাইতে পারে, না তাহাকে বাড়াইমৃত পারে। অতএব অন্য কোন কারণ বা বল আছে. যাহার ক্রিয়াযোগে তাহারা চালিত ও পতিত হয়। জড় পদার্থমাত্র এই বলের অধীন—ইহাকে ভার বলে। "বলেন বৈ পৃথিবী তিষ্ঠতি বলেনাস্তরীক্ষং।"\* ভারের অভিমুণতা। যে সকল দ্রব্য বিধৃত হয়, তাহারা পড়ে না, কিন্তু পতনোশুখ থাকে; যখন আমরা কোন বোঝা লই তখন আমরা তাহা পরীক্ষাতেই জানিতে পারি,—কেন না আমরা জানিতে পারি যে নিরস্তর চেফী দ্বারা ঐ বোঝা বিধৃত হইতেছে। ওলন-যন্ত্রের


ছाङ्गारगार्शनियम ।

সূত।র আগায় যে সীসকখণ্ড ঝুলান যায়, তাহা সর্ব্বদাই পতনাবনত থাকে, এই জন্ম তাহা সূত্রকে টানিয়া রাখে, এবং সূতা যদি অশক্ত বা কম-জোর হয়, অথবা সীসা যদি অধিক ভারী হয়, তাহা হইলে সূত্র ছিঁড়িবার আশঙ্কা থাকে। ওলন যে মুখে লক্ষ্য করে, ভারের মুখও সেই দিকে; কারণ যত ক্ষণ সেই বল, যাহা ওলনকে টানিতেছে, ঠিক সূতার লম্বতাসুসারে না পড়ে, লখতার দিকে না উপলক্ষিত হয়, ততক্ষণ ঐ ওলন-যন্ত্র স্থির হইয়া দাঁড়াইতে পারে না। ওলনের এইরূপ অভিমুখতাকে লোকে ঐ স্থানের সম্বন্ধে সোজা বা খাড়া হইয়া উঠা কহে। স্থির জলের সম্বন্ধে উহা সর্ববদাই খাড়া, এবং ঐ জল নিজে উহার সম্বন্ধে সমঢালবন্তী বা চক্রবাড়দিগুবন্তী।

পরীক্ষা দ্বারা সপ্রমাণ হইয়াছে যে, কি উচ্চতম পর্বতিশিখরে, কি নিম্নতম খনির গভীরে, জলে কি হলে, গ্রীম্মপ্রদেশে কি মেরুসন্নিহিত স্থানে, পৃথী-মগুলের সকল দিকেই এই ভার্ত্রিয়ার কার্য্য সম্পন্ন হইতেছে।

পৃথিবীর গোলত্ব বশতঃ, উহার বিভিন্ন স্থানীকৈত ওলন আপন আপন স্থানের প্রতি সোজ। হইয়া দাঁড়া-ইলেই, তাহুারা সকলেই পৃথিবীর মধ্যবিন্দুর প্রতি অব-লোকন করে। পৃথিবীর পৃষ্ঠদেশ সমগোলঢাল, স্থতরাং ওলন সকল যখন বিভিন্ন স্থানের প্রতি সোজা হইয়া দাঁড়ায়, তাহারা

পরস্পরের সম্বন্ধে সমান্তরাল রেখায় দাঁড়াইতে পারে না, কিন্তু হেলিয়া হেলিয়া দাঁড়ায়।



ভারের প্রভাব। ওলনের সীসা যে সূতার উপর ঝুলিয়া থাকে, তাহা যেমন সেই সূতাকে সোজা টানে, সেইরূপ যখন কোন দ্রব্য সমঢালের উপর থাকে, তখন সেই দ্রব্য তাহার আধারের প্রতি সোজা ভর দেয়। যখন কোন দ্রব্য পর্বতের গড়ান প্রদেশ্লের স্থায় কোন ঢালুর উপর থাকে, তখনও সেই ঢালুস্থানের প্রতি তাহার চাপ সোজারূপে পড়ে। এই জন্ম কোন ঠেকা বা ঘর্ষণ দ্বারা প্রতিরুদ্ধ না হইলে উহা গড়াইতে গড়াইতে বা সরিতে সরিতে নীচে পড়িয়া যায়। এইরূপে প্রস্তর্যগু

সকল গড়াইতে গড়াইতে উপত্যকায় পড়ে; পর্বতের চেক্ণা মাটি যখন বৃষ্টিতে ভিজিয়া নরম হয় এবং তাহার ঘর্ষণের শক্তি কম হয়, তখন তত্নপরিস্থ স্তরের উদ্ভিজ্ঞ মৃত্তিকারাশি খসিয়া পড়ে; প্রকাণ্ড প্রকাণ্ড ত্বার-চাপ পর্বতের উপর প্রদেশ হইতে বিচ্ছিন্ন হইয়া পড়িতে পড়িতে যে বেগ ধারণ করে, সেই বেগ দারা বাড়ী গায় পালা সম্মুখে যাহা কিছু পড়ে, সব একেবারে চুর্মার করিয়া চলিয়া যায়।

জল যে স্রোভ বহিয়া যায়, ভাহারও ঐ কারণ।
যথন বৃহদায়তন নদী সকল অপরাপর নদনদী ও বেগবান্ প্রবাহ উৎসাদি প্রাপ্ত হইয়া গল্পীর স্রোতে তাহাদিগের জলকে সমুদ্রাভিমুখে বহন করিতে থাকে, তখন
ভাহারা ভারের আদেশকেই শিরোধার্য্য করে; এই
বলই ভাহাদিগকে প্রোৎসাহিত করে, সঞ্জীবিত করে।
ইহাই ভাহাদিগের উপর আরোহী হইয়া, কখনো বা
অত্যন্ত গড়ান প্রদেশে ক্রভবেগে, কখনো বা অল্পন
গড়ান দেশে ধীরে ধীরে চালাইয়া লইয়া ধার। কি
ভূমিতলে, কি বৃহদায়তন সমুদ্রমাঝারে, এমন এক

কোঁটা জল দেখিতে পাওয়া যায় না, যাহা এক মিনিটের জাল ভারের প্রভাব অভিক্রম করিতে পারে। এমন একটা পরমাণু নাই, যাহাকে ইহা পরিত্যাগ করে; কোন পরমাণুকে নিরাশ্রয় দেখিলে ইহা তাহাকে পড়িতে আহ্বান করে, এবং যদি তাহা কিছুতে আশ্রয় করিয়া থাকে, তাহা হইলেও ভারেরই আদেশে সেই পরমাণু তাহার আশ্রয়কে চাপিতে থাকে।

ক্দুদ্রের কথা দূরে থাক্, পর্বতেরাও নিশ্রে পতনোশুখ। ভীষণ ভূমিকম্পনে, আগ্রেয়গিরির প্রবল অগ্নুৎপাতে, যে মকল ক্ষণিক বলক্রিয়া পৃথিবীকে কম্পিত,
চালিত ও বিদারিত করিয়া ভূমধ্য হইতে ভূধর ও
কঠিন প্রস্তররাশি উদ্ধি আকাশমুখে প্রক্ষেপ করে,
ভার চিরস্থায়ী বলরূপে অটলভাবে কার্য্য করিয়া
অবশেষে ঐ সকল ক্ষণিক বলের উপর জয়লাভ করে;
যেই উহাদিগের ক্ষণিক ক্রিয়া অবসম হইয়া গেল,
তখন, যে ভার এতক্ষণ উৎক্ষিপ্ত পদার্থের কাহাকেও
পরিত্যাগ করে নাই, সেই ভার প্রকাশ্যরূপে ও একমাত্র অধিপতিরূপে, সুশরপ্রদন্ত নিয়মানুসারে, তাহা-

দির্গিকৈ ভূমিমুখে আনয়ন করিয়া, তাহাদিগের দারা এক নৃতন সমতা বিধান, করে।

#### তাপ।

তাপের পরিচর। তাপ নানা উপায় দ্বারা আপনাকে প্রকাশিত্ব করে। এক, যে উষ্ণতা আমাদের ইন্দ্রিয়গম্য হয়; দ্বিভীয়তঃ, দ্রব্যের মধ্যে যে সকল পরিবর্ত্তন ঘটায়, এই উভয়ের দ্বারাই আমরা তাপের পরিচয় পাই।

আমরা নিজেই পদার্থ বিশেষে বিভিন্ন পরিমাণে উষ্ণতা অনুভব করিয়া থাকি। আমরা বলি বে, এই বস্তুটী ঠাণ্ডা বা গরম, বড় ঠাণ্ডা বা বড় গরম, ঈষৎ ঠাণ্ডা বা ঈষৎ গরম। আবার ইহাও আমরা জানি যে, ঐ বিশেষ বিশেষ ইন্দ্রিয়বোধের যে কারণ, তাহা সেই দ্রব্য হইতে ভিন্ন—কেন না আমরা সহজেই সেই একই দ্রব্যকে ঐ সকল অবস্থায় লইয়া যাইতে পারি। অতএব, তাপ দ্রব্য হইতে স্বতন্ত্র; তাপ যথন

দ্রব্যের মধ্যে প্রবেশ করে, তখনি তাহা গরম বা অত্যক্ত গরম বা আগুণের মক্ত গরম বলিয়া ব্যাখ্যাত হয়। আবারু যখন তাপ দ্রব্য হইতে বহির্গত হয়, তখন আমরা তাহাকে কম গরম, কুস্থম গরম, ঠাণ্ডা, অত্যন্ত ঠাণ্ডা, বিপর্যায় ঠাণ্ডা বলি।

বায়ই যে কেবল এইরূপ তাপ আহরণ ও বিসর্জ্ঞন করিতে পারে, কখনও বা উষ্ণ, কখনও বা শীওঁল হয়, তাহা নহে; জল ও জলীয় পদার্থেরই যে কেবল এই-রূপ ভাব, তাহাও নহে; যে সকল পদার্থ অত্যস্ত কঠিন ও প্রতিঘাতকারী এবং অত্যস্ত নীরেট, যেমন লোহ, ইস্পাৎ, হীরক প্রভৃতি, তাহারাও পুনঃপুনঃ গরম ও শীতল হয়। তাপ দ্রব্যমান্তেরই মধ্যে প্রবেশ করিতে পারে ও সেই দ্রব্যের উষ্ণতা সাধন করে এবং ভাহা হইতে বাহিরে অল্পে আল্পে প্রস্ত হইয়া আবার সন্ধিহিত পদার্থ সকলকে তাহাদের পালায় গরম করিয়া তুলে।


এই তাপ ভারজনক পদার্থ নহে, কারণ যখন ইহা কোন পদার্থের মধ্যে অফুপ্রবেশ করে, তখন ইহা দারা তাঁহার ভারের কোন বেশীকম তারতম্য হয় না। অণুতাপের বরণ। সমূহের বিকম্পনেই তাপের উৎপত্তি
হয়। তাপ পদার্থ নহে, উহা গতি হইতে উৎপন্ন;
বিকম্পনক্রিয়াবৃশতই কোন দ্রব্য কখনো গরম বোধ
হয়, কখনো বা ঠাণ্ডা বোধ হয়। যদি কোন দ্রব্যে
বিকম্পন অধিক পরিমাণে, অধিক বেগে, এবং শীঘ্র শীঘ্র
হয়, তাঁহা হইলে সেই দ্রব্য অধিক তপ্ত হইল; যদি
বিকম্পনক্রিয়া অল্লপরিমাণে ও অল্ল বেগে, এবং ধীরে
ধীরে হয়, তাহা হইলে তাহা পূর্ব্বাপেক্ষা ঠাণ্ডা হইল।

উক্ষতা। দ্রব্যমধ্যে তাপের পরিমাণের ইতর বিশেষে ঐ দ্রব্যের উষ্ণতার ইতর বিশেষ হয়। এই উষ্ণতা আমাদের স্পর্শেক্তিয়ের গোচর।

ভাগমান যন্ত্র। কেবলমাত্র ইন্দ্রিয়ের সাহায্যে আমরা উষ্ণভার পরিমাণ একরূপ মোটামুটি বুঝিতে পারি, কিন্তু ভাহাতে সূক্ষ্ম পরিমাণ পাওয়া যায় না। অভএব, সেই ভ্রম নিরাকরণ পূর্বক উষ্ণভাংশ ঠিক করিয়া নিরূপণ করিবার জন্ম বিভিন্ন প্রকার ভাপমান যন্ত্র (Thermometer) প্রস্তুত হইয়াছে। বহিমান যন্ত্র। যে তাপমান যন্ত্র অগ্নির বা অদি।
শিখার কৈম্বা হক্ষার অথবা স্থাধারণ্যে কোন জ্বলস্ত
পদার্থের উষ্ণুতা পরিমাণ করে, তাহাকে তাপমান যন্ত্র
না বলিয়া বহিমান্ যন্ত্র ( Pyrometer, ) বলে।

ভাগের কার্য। প্রায় সকল পদার্থই উষ্ণ ইইলে
বিস্তৃত হয়, এবং শীতল ইইলে সঙ্কুচিত হয়, এবং
সচরাচর সেই পূর্বব উষ্ণতায় আসিলে, সেই পূর্বব
আয়তনই প্রাপ্ত হয়।

কঠিন পদার্থের উপর উষ্ণতার এই ফল দেখাইবার জন্ম ধাতবীয় দণ্ডবিশিষ্ট একটা যন্ত্র চাই। ঐ যন্ত্র আর কিছুই নহে, কেবল একটা মোটা ভক্তার ছুই




श्य हिळा।

দিকে ধাতুর তুইটি হাতা পোতা আছে। বায়ুর সাধারণ উত্তাপে ঐ

দণ্ড ঠিক ঐ হাতাদ্বয়ের ভিতর প্রবেশ করে; কিন্তু দণ্ডকে একটু তাতাইলে আর সে উহার ভিতরে প্রবেশ করিতে পারে না; ক্রমে যখন শীতল হইয়া তাহা পূর্বব উষ্ণতায় আসে, তখন অতিরিক্তায়তন আপনাপনি খর্বব হইতে হইতে তাহা স্বয়ংই হাতার ভিতর পড়িয়া যায়।

বহুমান যন্ত্র দারা নিশ্বলিখিতরূপ বহুিমান যন্ত্র দারা বিস্তৃতি নিশ্বপণ। সংকোচ, বিস্তার এবং পূর্ববায়তন প্রাপ্ত হওয়ারূপ ঘটনাত্রয়কে বিস্তারিতরূপে প্রত্যক্ষ-



৩য় চিত্ৰ।

গোচর করান যাইতে পারে। ক ধাতুময় দগু, যাহার উপর পরীক্ষা চলিতেছে; উহাকে নিম্নস্থ জ্বলস্ত বারুণী (Alcohol) শিখা দারা গরম করা যাইতেছে। ইহার এক মুখ ঘূর্ণিদগু খ-তে দৃঢ়রূপে লাগান আছে; আর এক মুখ চ কাঁটাতে লাগিয়া আছে। এখন ধাতুময় দণ্ড ক-কে উত্তপ্ত করিলেই, তাহা বিস্তৃত হইয়া এই শেষমুখে চ কাঁটাকে ঠেলিতে থাকিবে, এবং সেই কাঁটা পরিমাপক যুদ্রের ( Quadrant ) উপর চলিয়া ধাতৃ-দণ্ডের বিস্তৃতি নির্দেশ করিবে।

তরল পদার্থের তরল পদার্থের, যেমন জলের, কি

বিস্থাভিপরীক্ষা। তৈলের, কি বারুণীর,
কি পারার বিস্তৃতি দেখাইবার জন্য
একটা কাচের পাত্রের মুখে একটা সরু
ছিদ্রবিশিষ্ট কাচের নল জোড়া দিতে
হয়; পরে সেই নলের অর্দ্ধেক পর্যাস্ত
তরল পদার্থে পৃরিয়া তাহাকে একবার
গরম জলে,একবার ঠাণ্ডা জ্ললে চুবাইলে
দেখা যাইবে যে, গরম জলে চুবাইবার
সময় নলের ভিতরের তরল পদার্থের

वर्ष हिन्द्र ।

স্তম্ভ ধীরে ধীরে কতকদূর পর্যান্ত উঠিয়া স্থির হইয়া থাকিবে; আবার ঠাণ্ডাজলে চুবাইবার সময় উহা কতকদূর পর্যান্ত নামিয়া স্থিরভাবে থাকিবে; আবার যদি উহাকে বাতাসে খানিকক্ষণ রাখিয়া ভিতরের 'ভরল পদার্থের উষ্ণভাকে চতুর্দ্দিকের উত্তাপের সমান করিয়া আনা যায়, তাহা হইলে ঐ তরল শাদার্থের স্তম্ভ পুনরায় আপনার সর্ব্বপ্রথমন্থিত তলে আসিয়া দাঁড়ায়। এমতে তরল পদার্থের আয়তন দারাই তাহার উষ্ণভা নির্দ্দিষ্ট হয়।

বায়ুর বিভৃতিপরীকা। বায়ুর বিস্তৃতি দেখাইবার জন্ম একটা বড় কাচের কুজা চাই; তাহার মুখে তুই সমতল ক্ষুদ্র ফানস্বিশিষ্ট দোফেরা নল এমনি ভাবে বসাইতে হইবে যে. আশপাশ হইতে বায়ু না যাইতে পারে। ঐ তুই খ ও গ ফানসের নীচের অর্দ্ধেক্ ভাগ জলপূর্ণ করিয়া ভিতরের বাতাসকে বাহিরের বাতাস হইতে বিচ্ছিন্ন করিতে হইবে। এখনু যদি ক কুজার ফানসকে মদিরাসব ( Spirit ) প্রদীপ দ্বারা উত্তাপ দেওয়া যায়, তাহা হইলে তমাধ্যম্ব বায়ু প্রসারিত হইয়া বক্র নলের জলের উপর চাপ প্রয়োগ করিয়া প্রথম খ ফানসের জলকে দ্বিতীয় গ ফানসে উঠাইয়া দিয়া ভিতর হইতে বুদ্বুদাকারে বাহির হইতে থাকে। উত্তাপ দিতে ক্ষাস্ত হইলে কুজার ক ফানস যখন শীতল হয়, ভিতরের বাতাসের চাপ তখন কম হইয় পড়ে—ঃৰাহিরের বাতাদের সঙ্গে তাহার চাপ সমান

থাকে না; স্থুতরাং বাহিরের বাতাস নলের দ্বিতীয় গ ফানসের জলকে বেগে হঠাইয়া <sup>®</sup>প্রথম খ ফানসে আনিয়া ফেলে, এবং তথা হইতে বাতাস বুদ্বুদা-কারে ভিতরে প্রবেশ করিয়া বাহিরের বাতাসের সঙ্গে চাপ সমান করিয়া পূর্ববৎ কুজাকে পূর্ণ করে। এই পরীক্ষা দ্বারা জানা যায় যে, বাতাসের বিস্তৃতি বা প্রসার তরল বা কঠিন পদার্থ হইতে অনেক অধিক।



ध्य हिन्ता

ञ्खताः यथन नकन, भनार्थ नितनत त्वनाग्न नूर्या-

ফ্রাপে গরম হয় এবং রাত্রিকালে ঠাণ্ডা হয়, তথন
ভাগে পদার্থের
অবহা-পরিবর্তন।
আয়তনের নিরস্তর পরিবর্তন হইতেছে। যে সকল পদার্থ অত্যন্ত প্রতিযোগী ভাবেও
লাগিয়া থাকে, বেমন বাষ্পীয় শকটের লোহবর্ত্তা
সকল, ঝোলা সাঁকোর শিকল সকল, নির্দ্মিত বাটার
ইক্টক প্রস্তরাদি, ইহাদের কাহারই আয়তন প্রবনির্দিষ্ট
নাই; কঠিনতর নির্দ্মিত উচ্চ প্রাসাদও এইরূপ পরিবর্ত্তনের হস্ত হইতে মুক্ত নহে—বায়ুর উষ্ণশীততামুসারে তাহাও হয় দীর্ঘ হইতেছে, নয় ব্রস্থ হইতেছে;
হয় উচ্চ হইতেছে, নয় নীচু হইতেছে।


তাপ পদার্থের অবস্থা পরিবর্ত্তন করে; ইহাই কঠিনকে তরল এবং তরলকে বাষ্পাকারে পরিণত করিতে সক্ষম। সমস্ত জগৎ তাপের এই সকল কার্য্য অবগত আছে। সকলেই জানে যে, তাপই বরফ, মোম, গন্ধক, সীসা, পিতল, রূপা, সোনা, এই সকলকেই গলাইয়া দেয়; আবার সেই সকল ঠাণ্ডা হইলে অপবা তাহাদের উষ্ণতার কতক হ্রাস হইলে

তাহারাই পুনরায় কঠিন হয়। কিন্তু তরল অবস্থা হইক্ষে বাষ্পীয় •অবস্থায় যাওয়ার বিষয়ে সকলে মনোযোগ দেয় না বলিয়া তাহার তত্ত্ব অত সূক্ষ্মরূপে বুঝিতে পারে না। কেহই সন্দেহ করে না যে, এক সের বরফ হইতে এক সের জলই হয় ; এক সের থান সোনা গলাইলে এক সের গলা সোনা পাওয়া যায়। যখন জলের বলক উঠিয়া বাষ্পাকারে পদ্মিণ্ড হইতে হইতে ক্রমে জল অদৃশ্য হইতে থাকে, তখনু সন্দেহ হইতে পারে যে এক সের জল হইতে এক সেরই বাষ্প উদগড় হয় কি না—যেহেতু অনেকে জ্বানে না যে, বাষ্পটা কি। বাষ্প হইতে যে জল হয় ভাহা অনেকে জানে; কিন্তু বাষ্পের যে কি প্রকার সত্তা, উহা যে কিরূপে অবস্থিতি করে, এ বিষয় অনেকের অপরিজ্ঞাত।

বাল। গরম জলের উপর দিয়া ধোঁয়ার মত বা কুয়াসার মত যাহা বাহির হয়, তাহা বাস্তবিক বাল্প বা ভাপ নহে; তাহা জমা বাল্প, অর্থাৎ বাল্প ঘনীভূত হইয়া কুদ্র জ্বলকণারপে, এক ইঞ্চির ৫০০ ভূপা হইতে ২৫০ ভাগের এক ভাগ অবধি বিস্তৃত হইয়া সূক্ষ্ম কণার আকারে পরিণত হইয়া চক্ষুগোচর হয়; কিন্তু যাহা আসল বাষ্প, যাহাকে স্থিতিস্থাপক বা সূক্ষ্ম বাষ্পা বলিয়া ঘনীভূত বাষ্পা হইতে পৃথক করিয়া নির্দ্দেশ করা যায়, তাহা বাতাসেরই স্থায় স্বচ্ছ এবং অদৃশ্য।

বাপের শক্তিন এক সের জলকে বাপা করিলে সূক্ষ্ম বাপা এক সেরই হয়। ইহাতে জলের বস্তুতঃ পরিবর্ত্তন হয় না, কেবল আকারগত ভেদ বা অবস্থার পরিবর্ত্তন হয় মাত্র। বাপোর আয়তন-পরিমাণ জল অপেক্ষা অনেক বেশী, সচরাচর সার্দ্ধসহস্রাধিক গুণ বেশী। স্থিতিস্থাপকতা এবং প্রসারণী শক্তি বাপোর বিশেষ লক্ষণ; উহা নিরস্তর অধিকাধিক স্থান ব্যাপিবার জন্ম চেফা করে; উষ্ণতা বাড়িলে অথবা চাপ কমিলে উহার আয়তন বাড়িয়া যায়। এই বলকে উপযুক্তরূপে নিয়মিত করিলে ইহা বাপ্পীয় কলের চোঙার দণ্ডকে ঠেলিতে সমর্থ হয়; ইহাই বাপ্পীয় শকট ও তাহার সঙ্গে যাত্রী ও বোঝাই গাড়িটানিয়া লইয়া চলে: ইহা লক্ষ লক্ষ মণ বোঝাই জাহাজ সকলকে সমুদ্রবঞ্চ এ
বিদারণ করিয়া লইয়া যায়; ইহা গুলিগোলা নিক্ষেপ
করিতে সমর্থ হয়; ইহা জল গরম করিবার পাত্র
সকল বিদীর্ণ করিয়া তাহাদের বৃহৎ বৃহৎ ভগ্নাংশ
সকলকে ঘোরবেগে অতি দূরে প্রক্ষেপ করিতে পারে।
প্যাণ্যার আবিছত প্রাণ্টা (Papin) নামক ব্যক্তি
বস্তুব আবিছত জল গরম করিবার

কল দারা এই
বলের ভাব গ্রহণ
করা যাইতে পারে।
ইহা একটি পুরু
পিতলের পাত্র;
ইহার ছই-তৃতীয়
ভাগ জলে পূর্ণ
করিয়া ইহাকে
সর্বতোভাবে বন্ধ
করিতে হয়। যখন
এ জল উপযুক্ত



৬ৡ চিত্র।

প্রিমাণে গরম হইল, তখন ছিপি খুলিয়া দিলে তাহা
হইতে বেগে বাষ্পানির্গমন হেতু শীষের স্থায় এদ্দনি এক
ভয়ানক শব্দ নির্গত হয় যে কানে তালা ধরিয়া যায়;
সেই সঙ্গে কুয়াসার স্থায় ঘনীভূত বাষ্পাকে অনেক
উদ্ধ পর্যাস্ত উচ্চ স্তম্ভাকারে উত্থিত হইতে দেখা যায়।
কেবল ছিপির মুখের কাছে উহা ঘনীভূত হইয়া ধোঁয়ার
আকার ধারণ করে না, বাতাসের স্থায় স্বচ্ছ ও অদৃশ্য
থাকে; মুখ হইতে একটু দূরে গিয়া ঘনীভূত ধোঁরার
আকার ধারণ করে।

তাপ চুই প্রকারে আপনাকে বিস্তৃত করে।
কখনো বা ক্রমে নিকটস্থিত বস্তু দারা, থাকের পর
তাগ—অব্রুজন ও থাকের দারা, স্তরের পর স্তরের
রাজ্মিন্ত দারা, অপুর পর অপুপ্রবেশ দারা,
দ্রব্য মধ্যে সঞ্চারিত হয়়। এইরূপে ধীরে ধীরে
বাড়িতে বাড়িতে তাপ পৃথিবীর বক্ষ মধ্যে প্রবেশ
করে। যদি কোন এক বস্তু উননের আগুণের ভিতর
কেলিয়া দেওয়া যায়, তাহাতেও তাপ ঐরূপ গতিতে
প্রবেশ করে। এইরূপ গতিবিশিষ্ট তাপকে সাধারণ


তাপ বা অণুগত তাপ বা অনুক্রম তাপ কহে। আবারু কখনো রা অতি বেগে আলোকের ন্যায় তাপ দূর হইতে দূরে আপনাকে সম্ভত করে। এবং আলোক যেমন স্বচ্ছ পদার্থ ভৈদ করিয়া চলিয়া যায়, তেমনি তাপও তাপাচ্ছ (Diathermanous) কতকগুলি পদার্থ ভেদ করিয়া বাহির ইয়। এই তাপকে রশ্মিময় তাপ বা তাপকিরণ (Radiated heat) কহে।

সূর্য্য হইতে যে তাপ আমাদের নিকট আসে, তাহা রশ্মিময় তাপ; কারণ তাহা আলোকের স্থায় প্রায় নয় কোটা মাইল আকাশ অতিক্রম করিয়া, এবং আলোকের স্থায় পৃথিবীর উপরিস্থ প্রায় পঁচাত্তর মাইল স্থুল বায়্মগুল ভেদ করিয়া তবে আমাদের নিকটস্থ হয়। কিন্তু ঐ তাপকিরণ যখন পার্থিব বস্তু দারা শোষিত হয়, তখন তাহাই অমুক্রম তাপ হইয়া নিকটে নিকটে বিস্তৃত হইতে হইতে ক্রমে তাহাদিগের গভীরতম প্রদেশ পর্যাস্ত বিস্তৃত হইয়া তাহাদিগকে উষ্ণ করে।

वामामिरगत छनन इट्रेंख य छाश विनिर्शेष इय.

তাহাও সূর্য্যতাপের স্থায় তাপকিরণ; কারণ দূর ইইতে এবং বাতাসের অস্তরালে থাকিরাঞ্জ আমরা সেই তাপ অমুভব করি, এবং যদি উননের মুখে একটা কলাইবিহীন কাচ রাখিয়া দিই, তাহারও ভিতর দিয়া আমরা অগ্নির ভাপ অমুভব করিতে থাকি।


কিন্তু সূর্য্যতাপের স্থায় পৃথিবীস্থ' উননেরও তাপ-কিরণ যথন পার্থিব পদার্থ দারা শোষিত হয়, তাহাও



এইরপ তাপকিরণ বিনিজ্ঞান্ত হইতে থাকে। যতক্ষণ উহা অগ্নি বা আলোকের দারা প্রাদীপ্ত থাকে, তত-ক্ষণই যে কেবল ঐরপ হয়, ভাহা নহে; যথন উহা ক্বলন্ত থাকে না, এবং অন্ধকারের মধ্যে যথন অদৃশ্য

হয়, তখনও তাপকিরণ বহির্গত হয়। ইহা যথার্থ বট্টে 🚉 যে, প্রদীপ্ত সময়ে বায়ু ভেদ করিয়া বা কাচ ভেদ . করিয়া যে পরিমাণ তাপ অমুভব করা যায়, নির্বাণ-প্রাপ্ত সময়ে ততটা না হইলেও তাহা স্পষ্ট অমুভব করা যায়।

তাপের প্রতিফ্লন। আবার, এই তাপকিরণ, প্রদীপ্ত হউক বা তমসাবৃতই হউক, আলোকের স্থায় প্রতি-ফলিত হয়। তুই মুাজ দর্পণকে চারি পাঁচ গ্রন্থ দূরে



প্ররম্পরের প্রতি সম্মুখভাবে রাখিয়া, তাহার একটার অধিশ্রায়ে জ্বন্ত কয়লা রাখিয়া, আর একটার অধি-শ্রমে দিয়াশলাই প্রভৃতি জ্বনশীল দ্রব্য ধরিলে তাহা প্রস্থালিত হইয়া উঠে; যদি অঙ্গারের বদলে এক দিকে অপ্রজ্বলিত অথচ গ্রম গোলা রাখা যায়, তবে সেই গোলা হইতে আন্তে আন্তে হাত সরাইতে সরাইতে অস্ত আয়নার অধিশ্রয়ে হাত ধরিলেই তীব্র তাপ অ্মুভূত হইবে। তাহা গোলার তাপকিরণ ভিন্ন আর কিছুই নহে, এবং তাহা নিকটস্থ আয়নায় বায়ু ভেদ করিয়া পড়িয়াছিল: সেই তাপকিরণ সকল প্রতিফলিত হইয়া অপর আয়নায় গিয়া পুনর্কার প্রতিফলিত হইয়া, সেই আয়নার ম্যুক্ততা হেতু অধি-শ্রয়ে আসিয়া একত্রীভূত হইল।

যখন পদার্থ সকল উষ্ণ বা দহনোক্ত থাকে তখনি যে তাহারা তাপকিরণ প্রস্তুত করিতে থাকে, তাহা নহে; তাপকিরণ নিরস্তরই প্রস্তুত হইতে থাকে। যখন তাহাদিগকে উষ্ণ বোধ হয় না, যখন তাহারা ঠাণ্ডা হয়, যখন বরফের মত ঠাণ্ডা হয়, অ্থবা আমাদের যত দূর সাধ্য, কৃত্রিম উপায়ে তাহাদিগকে যখন তত দূর ঠাওছে করি, তখনও তাহাদিগের হটুতে তাপকিরণ প্রস্ত হইতে থাকে। মেকুস্থিত তুষাররাশি, সেই সকল উচ্চতম পর্বতশৃঙ্গ যাহারা নিরস্তর তুষারারত হইয়া পলিতকেশে স্থিতি ক্রান্তেই, ইহারাও তাপভাগ হইতে বঞ্চিত হর নাই। পৃথিবীস্থ এই সকল শীতলভম পদার্থেরাও নিরস্তর কিছু না কিছু তাপকিরণ শিলিঃস্ত করে, এবং সেই তাপকিরণ ভূলোকস্থিত রায় ও অস্তরীক্ষন্থ বায়ুমগুল ভেদ করিয়া অসীমরূপে প্রসারিত হইতে হইতে ত্যুলোকরাজ্যে আপনাকে অন্তর্হিত করে।

এইরপে আমাদের ভূমণ্ডল, বেমন আলোক দারা, তেমনই তাপসহায়ে, বেমন দৃষ্টচর দারা, তেমনই অদৃশ্য মধ্যন্থের সহায়ে, আমাদের সৌরজগতের অপরাপর গ্রহমণ্ডলের সহিত, এবং যত দূর চক্ষু বা দূরবীণ যায়, তত দূরস্থিত নক্ষত্রমণ্ডলের সহিত, এবং তত্যতীত সেই সমুদ্য জগন্মণ্ডল, যাহা অনস্ত আকাশের অসীম গভীরে ছড়াইয়া আছে, সেই সকলের প্রত্যেকের সঙ্কে

🗝 বং তাবতের সঙ্গে, গৃঢ় সম্বন্ধ ও জ্ঞাতিকুটুম্বত্র স্থাপন করিয়া, সর্ববদা সম্বাদ আদানপ্রদান করে। আমরাও সেই সঙ্গে ক্ষুদ্র পার্থিব ভাব হইতে, স্বার্থপর ভাব হইতে উর্দ্ধে উঠিয়া, ব্রহ্মকে মধ্যস্থ করিয়া, দেবতা-দিগের সহিত সমান হইয়া বলিতে থাকি—"শুণুস্ত বিশ্বে অমৃতস্ত পুত্রা আ যে ধামানি দিব্যানি তস্তুঃ। বেদাহ-মেতং পুরুষং মহান্তমাদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ ॥" হে দিব্যধামবাসী অমৃতের পুত্রেরা! তোমরা যেমন হ্যা-লোকে থাকিয়া ত্রন্ধকে জানিতেছ, আমরাও ভূমগুল-বাসী হইয়া এই অন্ধকারের অতীত জ্যোতির্শ্বয় মহান্ পুরুষকে জানিয়াছি; তিনি যেমন তোমাদের প্লিতা-মাতা, সেইরূপ আমাদেরও পিতামাতা; অতএব, ভোমরা আমাদের আত্মীয়স্বজন, ভোমাদিগকে আমরা সম্বোধন করিতেছি।

## চৌম্বক।

চুম্বক ও লোহের মধ্যে যে আকর্ষণ পরস্পরের প্রতি কার্য্য করে, তাহাকে চৌশ্বক বলে। খনিজ চুম্বক অথবা চুম্বক-প্রস্তর এক প্রকার লোহভন্ম (oxide of iron), এবং তাহা সচরাচর লোহখনিতেই, কখন বা এখানে ওখানে ছুই এক ছোট খণ্ডে পাওয়া যায়, কখন বা বৃহৎ খণ্ডরূপে পাওয়া যায়, এবং কখন বা তাহা স্থূল স্তরের পর স্তরে চুম্বকের পর্বতরূপে অবস্থিতি করে; এইরূপ পর্বতের প্রতি অংশই চুম্বকধর্মোপেত ও লোহকে আকর্ষণ করে।

চৌষক কি? এখন, আকর্ষণ কেবল একের হইতে পারে না; আকর্ষণ সর্ববর্থা পারস্পরিক, একু লোহ নিজে চুম্বকের দারা যতচুকু আকৃষ্ট হয়, চুম্বককও ততটুকু আকর্ষণ করে। আকর্ষণরূপ কার্যাটি উভয়-সম্বন্ধীয় কার্য্য; ইহা আকর্ষক ও আকৃষ্ট, উভয় পদার্থে একই সময়ে বিরাজ করে। এই আকর্ষণশক্তি লোহ ও চুম্বক উভয় হইতে ভিয়; ইহার ব্রাসর্ক্ষি করা যাইতে পারে, কিন্তু তজ্জ্বলু পদার্থের কোনও পরিবর্ত্তন হয় না।

সম্মুখে যে যন্ত্রের চিত্র দেখিতেছ, ইহা লোহের পত্র-মারা স্বাভাবিক চুম্বক; ইহার গুই পায়াকে গুই কেন্দ্র বলে। উহাদের নীচে যাহা লাগিয়া রহিয়াছে, উহাও লোহেরই নির্ম্মিত—উহা দূর হইতে কেন্দ্র-দ্বরের দারা আকৃষ্ট হইয়াছে। দূরত্ব যত্র-সংক্ষিপ্ত



व्य हिन्द्र ।

হয়, আকর্ষণবল তত শীত্র সংবর্দ্ধিত হইতে থাকে; এবং যখন কোন ঝুলান লোহ-পদার্থ একবার চুম্বক-কেন্দ্র স্পর্শ করে, তখন তাহাকে অধিক বা অল্প বলে টানিলেও তাহা শীত্র খুলিয়া আসে না। যদি চুম্বক মৃত্নুশক্তি হয়, তাহা হয় ত ছটাক ছইমাত্র লোহ ঝুলাইতে পারে; আর যদি চুম্বক বল্বান

হয়, তাহা হইলে তাহাতে তুই মণ লোহও ঝুলান যাইতে পারে। আবার কৃত্রিম চুম্বককে এত দূর শক্তিবিশিষ্ট করিয়া প্রস্তুত করা যায় যে, তাহা ২০।২৫ মণ ওজনের দ্রব্য অনায়াসে বহন করিতে পারে।

দিনীক্ষণ। দিন্দীক্ষণের (magnetic compass) কাঁটা কৃত্রিম চুম্বক ভিন্ন আর্ম কিছুই নহে। ইহা একটি স্থানম্য কৃষ্ণায়স শলাকা, এবং ইহাতে চৌম্বক-

শক্তি উৎপন্ন করা গিয়াছে। সকলেই অবগত আছেন। एवं, शृथिवीत मकल चार्तां के ममुद्धत छेशत, कि -एमनिरिप्तरम, किथीक्मरनत काँछ। এकि निर्फिक पिरकत প্রতি—উত্তর দিকের প্রতি লক্ষ্য করে, কিন্তু ঠিক উত্তর দিকে নহে ; উত্তর দিকের এক আধটুকু এদিক ওদিক হেলিয়া থাকে—কোন কোন প্রদেশে ঐ কাঁটা উত্তরের একটু পূর্ব্বদিকে হেলে, **অ**শুত্র বা <mark>উত্তরের</mark> একটু পশ্চিম দিকে হেলে। ইউরোপ খণ্ডে স্থান ও সময়বিশেষে অধিক বা অল্প পশ্চিমেই হেলিয়া থাকে। পারিস নগরে ১৮৫৮ খৃষ্টাব্দের অক্টোবর মাসে দিথী-ক্ষণ কাঁটা ১৯ ৪১ পৰ্য্যন্ত পশ্চিমে হেলিটোটল। ভূগোল-চৌৰক। যখন একটিভে নহে, ছুটিভে নহে, পৃথিবীস্থ সকল দিখীক্ষণেতেই এইরূপ সংঘটিত হয়, তথন বুঝিতে হইবে যে, এমন কোন- সাধারণ চৌম্বক-শক্তি আছে, यांदा এकरे সময়ে উহাদিগের সকলকেই আহ্বান করিভেছে; যাহা উহাদিগকে ঘুরাইভেছে, কিরাইতেছে, এবং চালাইতেছে; বাহা উহাদিসকে একরূপ শৃথ্যবাবদ্ধ করিয়া বন্দী করিয়া রাখিয়াছে,

নিমেষের জন্মও মুক্ত হইতে দেয় না। এই যে সাধারণ চৌম্বকশক্তি, ইহা ভূগোলচৌম্বক, এবং ভূ-মগুল স্বয়ংই এক চুম্বক।


অনেকের, মতে পৃথিবী সূর্য্য হইতে, বা সৌরজগতের অস্থা কোন স্থান হইতে, বা কোন নক্ষত্র হইতে, অথবা আকাশের অস্থা কোনও স্থান হইতে কোন চৌম্বকশক্তি প্রাপ্ত হয় না। কিন্তু নানা ঘটনা দারা এখন গ্রঁপ্রমাণ হইয়াছে যে, সূর্য্য এবং ভূগোলচৌম্বকের পরস্পারের মধ্যে বিশেষ ঘনিষ্ঠ সম্বন্ধ আছে। দেখা গিয়াছে যে, সূর্য্যের বিষমধ্যে যখন কলঙ্কের ভাগ অধিক হয়, তখন মধ্যে মধ্যে দিখীক্ষণের কাটার লক্ষ্য অন্তথাভাব ধারণ করে।

## তাড়িত।

ষ্বনে কোন কোন দ্রব্য ঘর্ষিত হইলে, ভাড়িভোৎপত্তি নিকটবর্ত্তী সকল প্রকার হাল্কা পদার্থকে যে আকর্ষণ করে, তাড়িত তাহার কারণ। যদি ধুনা বা গালার খুব মোটা শলাকে লোমশ বা রেশমী

কাপড়ের দ্বারা খুব ঘর্ষণ করিয়া তাহার সম্মুখে গাছের শাইজের ছোট ছোট গুলি মসিনা বা শণের সূতা দিয়া অথুবা চেক্নাই রেশমী সূতা দিয়া টাঙ্গাইয়া রাখা যায়, তাহা হইলে ঐ ধুনা বা গালার শলা তাহা-দিগকে অনেক দূর হইতেও আকর্ষণ করে। ইহা কাঠের গুঁড়া, পালকের লোম, সোনার পাত প্রভৃতি অস্তান্ত দ্রব্যকেও আকর্ষণ করে। কাচ, গন্ধক, তৃণমণি (Amber), বিশেষতঃ লাক্ষা এই গুণ অধিক পরিমাণে ধারণ করে। কিন্তু কাচ প্রভৃতি দ্রব্যের শলাতে ঐ গুণ কতকক্ষণ পরে আর থাকে না; তখন আবার লোমশ্ব বস্ত্রাদি দ্বারা ঘর্ষণ করিলে, তাহা পুনঃপ্রাপ্ত হওয়া যায়। নিম্নে অঙ্কিত্ তাড়িত যন্ত্র এই নিয়মমূলের উপর নির্ভর করে।

ভাড়িত যন্ত্র। ইহাতে একটি রহৎ কক কাচের
চাক্তি আছে; তাহার উপরে ও নীচে, ছই দিকে
থ ওগ ছুইটা গদির মত আছে—তাহার মাঝে কাচটা
রহিয়াছে। কাচের মধ্যখানে একটা বাঁট ঘ সংযুক্ত
রহিয়াছে। আবার এই কাচের সঙ্গে চ ও ছ ছুইটি



পরস্পরসংযুক্ত পরিচালক লাগান রহিয়াছে। এখন, ঘ বাঁট যত ঘুরান যায়, কাচটাও তত ঘুরে; কাচ ঘুরিলেই গদি ছুইটার সহিত থুব ঘর্ষণ লাগে। তাহাতে যে তাড়িত উৎপন্ন হয়, তাহা কাচের চাক্তি হইতে সম্মুখন্থ বায়্ন্তর ভেদ করিয়া পরিচালকে উপন্থিত

হয়, এবং নিমেষ মধ্যে পরিচালকের পৃষ্ঠোপরি প্রস্ত হয়। এইক্সপে কাচ হইতে উৎপন্ন তাড়িত, পরিচালকে উপস্থিত হইয়া অধিকাধিক জমা হইতে থাকে। পরি-চালক এইরূপ তড়িত্বপেত হইয়া যে কেবল হাল্কা সামগ্রী আকর্ষণ করে তাহা নহে; কিন্তু যদি তাহার কতক অঙ্গুলি পরিশিত স্থান নিকটে হস্ত লইয়া যাওয়া যায়, তবে তাহা হইতে অকস্মাৎ জ্বলন্ত স্ফুলিঙ্গ নিৰ্গত হইতে দেখা যায় এবং তাহার সঙ্গে সঙ্গে পুটুপুটু শব্দও শ্রুত হয় এবং হস্তে, বাহুতে এবং কখন কখন ममूनय़ भंतीरत, अञ्चरे रुषेक वा अधिकरे रुषेक, এक প্রকার উদ্বেজনা উপস্থিত হয়। এইরূপে ভাড়িত, স্ফুলিঙ্গ অর্থাৎ বায়ু মধ্যে আলোক ও শব্দ উৎপাদন দারা আপনার গৃহীত পথকে ব্যক্ত করে।

পরিচালক ও ধারক। 'সকল পদার্থেরই সমান পরিচাল-কতা গুণ নাই অর্থাৎ সকল পদার্থ সমান ভাবে তাড়িতকে প্রস্তুত হইতে বা এক স্থান হইতে স্থানাস্ত্রের যাইতে দেয় না। ধাতুক্তে পরিচালক বলে, কারণ ইহা যত বড়ই হউক না, তাড়িতকে ক্ষণমাত্রে আপনার ্সমুদয় পৃষ্ঠের উপর উপনীত বা পরিচালিত করে। জল, ভিজা বাতাস, ভিজা মাটি, মসুষ্যদেহ, স্থতা বা তুলার দ্রব্য, ইহারাও পরিচালক; কিন্তু ইহাদের পরিচালকতা ধাতু অপেক্ষা কম। ইহার বিপরীতে কার্চ, লাক্ষা, ধুনা, গন্ধক, শুক্ষ বায়, রেশমী বা লোমশ দ্রব্য, ইহারা অপরি-চালক বা ধারক; ইহারা তাড়িতকে পরিচালন করে না, কিন্তু-তাহাকে ধরিয়া রাখে, আবদ্ধ রাখে।

ভাতি কি? সম্ভবত তাপেরই স্থায় তাড়িতও গতিবিশেষ হইতে উৎপন্ন হয়। পদার্থের অণু সমূহে এক বিশেষরূপ গতি উৎপন্ন হইলেই তাহাকে তাড়িত বলা যায়। তাড়িত যাহাতে অবস্থিতি করে তাহা ভারগ্রস্ত হয় না এবং ইহাকে আমরা এক পদার্থ হইতে অস্থা পদার্থে সঞ্চালন করিতে পারি।

ভরালের বাবিকার। গালার দশু যথন অত্যস্ত শুক্ষ ও অত্যস্ত তড়িছপেত হয়, তাহা হইতেও অতি ক্ষুদ্র ক্ষুদ্র ক্ষুলিক নির্গত হয়। এইরূপ অদৃশ্যপ্রায় ক্ষুলিক প্রায় ছই শতাব্দী পূর্বে প্রথম দৃষ্ট ইয়াছিল। আশ্চর্য্যের বিষয় এই যে, ওয়াল নামক যে বিজ্ঞানবিৎ ইহা প্রথম দৃষ্টি করিয়াছিলেন তিনি ইহার শব্দকে বজ্রধ্বনির ক্ষুদ্র, অনুকৃতি, এবং ইহার আলোকবিন্দুকে বিদ্যুৎপদ্ধতির ক্ষুদ্রক্ষপ বলিয়া ব্যক্ত করিয়াছিলেন। এই যে নৈসর্গিক ব্যাপারের সহিত ঐ অতি ক্ষুদ্র ঘটনার আশ্চর্য্য তুলনা, ইহা দ্বারা প্রকৃত সত্যই ব্যক্ত হইয়াছিল; এই সত্য প্রথম উষাকিরণের ত্যায় প্রকাশ পাইয়া অবশেষে সূর্য্যের ত্যায় দীপ্তি পাইল। ইহার সত্যতা নিরূপণ করিবার জন্য আরও এক শতাবদীর অনুসন্ধান, পরি-শ্রম ও পরীক্ষা লাগিয়াছিল।

ক্রান্ধলিনের আনিকার। ১৭৫০ খৃফীন্দের সমকালে বিখ্যাত ফ্রাঙ্কলিন প্রতিভা দ্বারা চালিত হইয়া ঝড়ের মেঘ হইতে বজ্রশিখা স্বকীয় পুদতলে আনয়ন করিবার জন্য প্রগল্ভ হস্ত প্রসারণ করিয়াছিলেন এবং পদতলে আনীত স্বয়ং বজ্রের নিকট হইতেই তাহার উৎপত্তির কারণ জিজ্ঞাসা করিয়াছিলেন। সেই অবধি নিগৃঢ় তম্ব প্রকাশ হইয়া পড়িল, গাঢ় অন্ধকার ঘুচিয়া গেল এবং সত্যের জ্যোতি উজ্জ্বল হইয়া উঠিল। এই সময়ে প্রধানতঃ ফ্রান্সদেশে তাড়িত-ঘুড়ির দ্বারা যে সকল মহান্ত উজ্জ্বল পরীক্ষা হইয়াছিল, তাহা দ্বারা কেবল তাড়িত-ক্ষুলিঙ্গ নহে, কিন্তু বহুহস্ত দীর্ঘ বিচ্যুৎশিখাপত্র সকল ভূমিতলে অবতরণ করান গিয়াছিল এবং উপ: যুক্ত প্রমাণ দ্বারা তাহাকে আমাদের তড়িৎযন্ত্রনির্গত তাড়িতের সদৃশ বলিয়া চিনিতে পারা গিয়াছিল।

## তাড়িত-চৌম্বক।

চৌম্বক ও তাড়িতের পরস্পারের মধ্যে, যে সকল ক্রিয়া সংঘটিত হয়, তাহা অধুনাতন তাড়িতচৌম্বকের অস্তর্ভূত। বিজ্ঞানের এই শাখাটী যেমন নূতন আবিষ্কৃত, তেমনি ইহা বিস্তৃত ও উর্ববর। অর্দ্ধশতাব্দীর কিছু অধিককাল গত হইল, ইহার মধ্যেই ইহা হইতে রাসায়নিক তাড়িত ও তাড়িতবার্ত্তাবহ আবিষ্ণৃত হই-য়াছে। নিম্নলিখিত তিনটা প্রধান আবিক্রিয়া দারা এই শাখার জন্ম ও বিস্তৃতি লাভ হইয়াছে—(১) ১৭৯০ খৃষ্টাব্দে গাল্বানির আবিজ্ঞিয়া; (২) ১৮০০ খৃষ্টাব্দে বল্টার আবিক্রিয়া; এবং (৩) ১৮২০ খৃষ্টাব্দে অয়র-ফেডের আবিক্রিয়া।

এখন এই তিন প্রধান আবিক্রিয়ার প্রকৃত তম্ব হৃদয়ঙ্গম করাইবার জন্ম সংক্ষেপে ইহাদের লক্ষণ বিবরণে প্রবৃত্ত হওয়া গেল। ইহাদের দ্বারা বিজ্ঞানের নৃতন পথ সকল উন্মুক্ত হওয়াতে ইহাদের হইতে আবার এক এক শ্রেণীর নৃতন নৃতন আবিক্রিয়া সকল বাহির ইইতেছে।

গাৰানি। গাল্বানি সূক্ষারূপে নিষ্পাদ্ভি অমুসন্ধানপরম্পরা দ্বারা এই একটা প্রধান তথ্যের আবিক্রিয়া করিতে সমর্থ হইলেন যে, যদি মৃত বৈঙের
শরীরকে উপযুক্তমতে ব্যবচ্ছেদ করিয়া তাহার মাংসপেশী ও স্নায়ুকে পরস্পরসংলগ্ন তাত্র ও দন্তাফলক
দ্বারা একদা স্পর্শ করা যায়, তাহা হইলে, ভেক জীবিত
কালে ঐ মাংসপেশী ও স্নায়ুরু সহিত সংযুক্ত অক
সমূহে স্ববলে যেরূপ গতিক্রিয়া উত্তেজিত করিতে
পারিত, এইরূপ স্পর্শের দ্বারাও ঠিক সেইরূপ গতি
বিধান করা যাইতে পারে।

এরপ ঘটনার কারণ কি হইতে পারে ? এই তো নিজ চেষ্টাবিহীন, প্রাণক্রিয়াশৃন্য, ছিন্নকলেবর জড়- রাশি (inert mass)—ইহা অকস্মাৎ জীবনের আকার ইঙ্গিত কিরূপে পুন:প্রাপ্ত হইল ? প্রথমে স্কুলে মনে করিয়াছিল, দেহসঞ্চালন দারা বুঝি শারীররচনা-প্রণালীরই কোন ভেদ ব্যক্ত হইতেছে: তাহাদের মনে বিশাস হইয়াছিল যে, বুঝি শরীরের মধ্যে এমন কোন জৈবনিক তরল পদার্থ আছে যাহা, স্নায়ু ও মাংস-পেশীকে একদা স্পর্শ করিলে, দেহমধ্যে সঞ্চালিত হইয়া ঐরপ অঙ্গচালনা উৎপন্ন করে। লোকে যতই দেখিতে লাগিল যে, ঐ ব্যাপার কেবল যে ভেকেরই মৃত শরীরে দেখা যায় তাহা নহে. কিন্তু সকলেরই মৃত-দেহে ঐরপ হয়: কেবল যে মৃতদেহে তাহাও নহে, আবার জীবন্ত পশুতেও ঐরপ ঘটনা ঘটে এবং উহা নানারূপে প্রকাশ পায়: এবং যখন পরীক্ষকেরা স্বয়ং উৎসাহপূর্ণ হইয়া স্বীয় শরীরের নানাস্থানে উপরের চর্ম্ম উঠাইয়া ভাষ্রফলকের এক প্রান্তে দস্তাফলক সংলগ্ন করিয়া ঐ উভয় ধাতুর অস্ত ছুই প্রাস্ত দারা একদা নিম্নস্থ চর্ম্মের হুই ভিন্ন অংশ স্পর্শ পূর্ববক ঐরপ অপূর্ব্ব ইন্দ্রিয়বোধ অমুভব করিতে লাগিলেন,

তথন সকলে এই আমুমানিক সিদ্ধান্তের প্রমাণ গ্রহণ না করিয়াই আদরপূর্বক ইহাকে স্বীকার করিয়া লইল । এইরূপ অমুমানসিদ্ধ পদার্থের নাম সকলে গাল্বানীয় তরল পদার্থ রাখিলেন। যে সকল ঘটনা গাল্বানি কর্তৃক প্রথম আবিষ্কৃত ঘটনার অমুরূপ, তাহাদিগকে লোকে গাল্বানিক্রিয়া বলে।

বন্টা। বন্টা এই প্রমাণ করিলেন যে ঐরপ গাল্লানিক সংকোচ-গতি এবং অপরাপর ঘটনা, যাহা গাল্লানিক্রিয়ার উপর নির্ভর করে, তাহা তাড়িত "ব্যতীত আর কিছুই নহে; কিন্তু বন্টার আবিষ্কৃত তাড়িত অন্ত তাড়িতের মত ঘর্ষণ দারা আবিষ্কৃত না হইয়া অজ্ঞাতপূর্বব কোন বিশেষ অবস্থায় আবিস্কৃত না হইয়া অজ্ঞাতপূর্বব কোন বিশেষ অবস্থায় আবিস্কৃত হয়। পরে তিনি অনেক নৃতন পরীক্ষা দারা আপনার মত সমর্থন করিয়া সূক্ষ্ম সিদ্ধান্তপরম্পরা দারা স্তম্ভযন্ত্রের স্পৃষ্টি করিলেন —এই আশ্চর্য্য যন্ত্র বিজ্ঞানের পক্ষে এক নৃতন অব্দের সূচনা করিয়া দিয়াছে, বলিতে হইবে।

বন্টার হুছ। বন্টার স্তুম্ভকে তাড়িতের স্বাভাবিক ও অক্ষয় আকররূপে গণ্য করা যাইতে পারে। মশাল

যেমন অবিচ্ছেদে আলোক প্রদান করে এবং উনন যেমন <sup>ঁ</sup> <mark>তাপি প্রদান করে,ত</mark>জ্রপ এই স্তম্ভ তাড়িতস্রোজকে অবি-চ্ছেদে প্রবাহিত করে i ইহার পরবর্তী আবিক্রিয়া সকল বল্টার প্রথম আরম্ভকে এরূপ স্থসম্পন্ন করিয়া তুলিয়াছে যে তাড়িতক্রোত এখন কবচের মধ্যে আসিয়াছে— একটী স্থনিশ্চিত নিয়মের মধ্যে আসিয়াছে; ইহার স্রোতের গৃতিকে যে দিকে ইচ্ছা চালান যাইতে পারে; ইহার .আতিশয্য বা প্রগাঢ়তা নিয়মিত করা যাইতে পারে। এই স্রোতকে এত মৃতু করা যায় যে তাহা বেঙের অঙ্গ সংকৃচিত করিতে পারে কি না সন্দেহ; আবার ইহাকে এত পরাক্রমশালী করিয়া তুলা যায় যে আকা-শের বজ্রের সঙ্গে ইহার তুলনা হইতে পারে, কারণ তখন বজ্রের স্থায় ইহা জীবন ধ্বংস করে, বড় বড় ধাড়-খণ্ডকে গলাইয়া বাষ্প করিয়া ফেলে; তবে কি না, ইহা এমন এক প্রকার বজু, যাহা ইচ্ছা করিলে উৎপন্ন করা যায় এবং ইচ্ছামুসারে যাহা চালিত ও নিয়মিত হয়।

প্রথম প্রথম যে সকল ডড়িছুলগম যন্ত্র নির্দ্মিত ইইয়াছিল তাহাদের উপরোক্ত কোনই অসাধারণ ক্ষমতা ছিল না বটে কিন্তু তাহারা ঐ ক্ষমতাকে সূত্ররূপে ধারণ করিত; সেই ক্ষমতাকে সম্যক প্রকাশ
, করিতে তখনও অনেক পরীক্ষাপরস্পরার প্রয়োজন
ছিল। কিন্তু কোন বিষয়ের প্রথম আরম্ভ জানিতে
আমাদের যেমন আনন্দ হয় এমন আরু কিছুতেই হয়
না; এই জন্ম বল্টা তাঁহার যদ্ভের যেরপ গঠন করিয়াছিলেন তাহা নিম্নে প্রকাশ করা গেল। এইর্মুপ স্তম্ভাকারে স্থাপিত হওয়াতে ইহার নামই স্তম্ভয়ত্ত ইয়া
গেল।

এই স্তম্ভ, যাহাকে স্তম্ভের পোস্তাও বলে, নিম্নলিখিত উপকরণে রচিত হয়। সকলের নীচে দন্তার
চাক্তি, তাহার উপর একটা ভিজা পদার্থের চাক্তি,
তাহার উপর একটা তাত্র চাক্তি—ইহাই স্তম্ভের প্রথম
মূল থাক হইল। তাহার পরে অবিচ্ছেদে ঐরপ
শ্রেণীপরম্পরায় আরও অনেকগুলি থাক বসাইতে
হইবে। প্রথম থাকের পরে যথাক্রমে দন্তার চাক্তি,
ভিজা চাক্তি ও তাত্র চাক্তি বসাইলে তাহা স্তম্ভের
বিতীয় মূল থাক হইবে। এইরপ শত-থাক পোস্তা



নির্ম্মাণ করা যাইতে পারে। , কানির, কাঠের, লোমজমাট বস্ত্রের বা মগুপাটের (কাগজজমাট) চাক্-ভিচ্কে ঈষৎ অম লবণ বা ক্ষারবান্ জলের ঘারা সিক্ত করিলে ভাহাকে ভিজা চাক্ভি বলে।

এইরপে যখন পোস্তা গাঁথা শেষ হইল, তখন যদি কেহ একদা একহাতে

১১म हिख्।

তাহার মূল ও অপর হাতে তাহার অগ্রভাগ স্পর্ল করে, তাহা হইলে সে তাত্র উদ্বেজনা অন্মুভব করিবে; যদি হাত ভিজা থাকে, বিশেষত: যদি ছুই হাতের সহিত ছুইটা ধাতুনির্শ্বিত ভিজা চোঙার যোগ থাকে, তাহা হইলে উবেজনা আরও অধিকতর অনুভূত হয়। যে চুই স্থান স্পর্গ করা যায়, তাহাদিগকে চুই কেন্দ্র বলা নার্য়। ঐ চুই কেন্দ্র বা স্পৃষ্ট স্থানের মধ্যে যত অধিক সংখ্যক থাক ব্যবধান থাকে, ততই তাড়িতের কার্য্য বেশী হয়।

তুই জন হোক, দশ জন হোক, শত জন হোক, যদি পরস্পর হাতাহাতি করিয়া গোল হইয়া দাঁড়াইয়া. প্রথম ব্যক্তি যখন স্তম্ভের মূলে হাত দিয়া রহিয়াছে, শেষ ব্যক্তি যদি তখন স্তম্ভের অগ্রভাগে হস্তার্পণ করে. তাহা হইলে ঐ ঘেরের তাবৎ মনুষ্টই সেই একই সময়ে উদ্বেজনা অনুভব করিবে এবং যতক্ষণ স্তম্ভের সহিত সংস্পর্শ থাকে ও ঘেরটা অবিছিন্ন থাকে অর্থাৎ যদি সকলেই পরে পরে আপনার ভিজা হাত দিয়া অন্যের ভিজা হাত ধরিয়া বা স্পর্শ করিয়া থাকে. উদ্বেজনাও ততক্ষণ অবিচ্ছেদে অমুভূত হইতে থাকে। भरिं। यनि किছू मांज विष्ठिम शीरक, जांश श्रेल বের খুলিয়া গেল, তাড়িত আর চলাচল হইবে না এবং তৎক্ষণাৎ তাহার সকল ক্রিয়াফল (effect) বন্ধ হইয়া যাইবে।

ষেরটা স্তম্ভ হইতে অনেক দূরে থাকিতে পারে। পীত্মিদ নগরে স্তস্তটা এবং ঘেরটা লগুন নগরে থাকিতে পারে। কেবর্ণ ঐ ঘেরকে সম্পূর্ণ করিবার্ জ্ঞ বার্তাবহের তারের মত লগুন হইতে পারিস পর্যান্ত বিস্তৃত তুইটা সংবৃত (isolated) তার আব-শ্রক। পারিস নগরে স্তম্ভের মূলের সঙ্গে একটা তার এবং তাহাুর অগ্রভাগের সঙ্গে আর একটা তার সংযুক্ত থাকা চাই। এখন, লগুনেই হউক, পারিসেই হউক, যেখানেই হউক, যেই ঘেরটা জোড়া দেওয়া যাইবে, অমনি ঘেরের সর্বত্র তাড়িত-স্রোতের আবি-র্ভাব অনুভূত হইবে। যদি ঘেরের মধ্যে কোন স্থান খোলা না থাকে, যদি সংলগ্নতার (continuity) মধ্যে किছू विष्ठा न। थारक: তবে छाउड वन वृद्धि कतिल সর্ববত্রই ভাড়িতপ্রবাহও বৃদ্ধি পাইবে।


এই সকল পরীক্ষাতে, ( যাহা আজ কাল মনে করিলেই অনায়াসে করা যাইতে পারে এবং বাস্তবিক আর এক আকারে যাহা এখন করা হইয়াই থাকে), ভাড়িত, স্তম্ভের মধ্যে নিয়ত উৎপন্ন ও প্রকাশিত

হইয়া অবিরতভাবে একক্ষণের মধ্যেই যেরের সমুদর তারে ও পরিচালক পদার্থে ব্যাপ্ত হয়। ইহাকে স্ট্রী-চর তাড়িত-স্রোত বলে।

এখন স্তম্ভের আকারের অনেক ভিন্নতা गठन-अगानी। হইয়াছে। এখন মে 'সকল আকার চলিত হইয়াছে. তাহার মধ্যে এক প্রকার এই:--ইহাতে কয়েক থাক দন্তা এবং কয়লা স্নাছে। এই উভয় উপকরণের প্রত্যেক থাক একটি একটি কাচ-পাত্রের মধ্যে বন্ধ রহিয়াছে: এবং প্রত্যেক কাচ-পাত্রের মধ্যেই দস্তাটি দশম ভাগ গন্ধকদ্রাবকবিশিষ্ট জলে এবং কয়লাটী যবক্ষারদ্রাবকে ডুবান আছে। এই উভয় প্রকার তরল পদার্থ একটি ব্যবধান দ্বারা ব্যবহিত আছে: সে ব্যবধানটি আর কিছু নহে, কেবল সচ্ছিত্র আধপোড়া মাটীর পাত্র। এই পাত্রের সৃক্ষা ছিত্র দারা উভয় তরল পদার্থের পরস্পারের মধ্যে যোগও থাকে অথচ তাহারা মিশিতে পারে না। এক থাকের দস্তা তাহার পরের থাকের কয়লার সহিত একখণ্ড তামার পাতের দারা সংযুক্ত খাকে; এইরূপে প্রথম থাকের কয়লা এবং শেষ থাঁকৈর দস্তা দ্বারা স্তম্ভের চুই কেন্দ্র প্রস্তুত হয়। বাহিরের ঘের এই কেন্দ্রদ্বয়ে সংলগ্ন হইয়া শেষ হওয়া আবশ্যক।

<sub>উপরোজ স্বস্থের</sub> তাড়িতক্রিয়ার স্থায়িত্বভাব এইরূপ ক্রিয়াস্থায়িত। স্তম্ভের একটি প্রাণান লক্ষণ। ইহা স্থন্দররূপে বুঝাইতে হইলে এরূপ কয়েক-থাক স্তম্ভের স্রোতকে যদি প্লাটিন তারের ভিতর দিয়া চালান যায়, তাহা হইলে দেখা যাইবে যে. প্রথম ঐ তারটি একট গরম হয়, ক্রমে তাহা ঈষৎলোহিত, ঈষৎলোহিত হইতে গাঢ়লোহিত, তাহা হইতে আবার আরও উত্তপ্ত হইয়া শেতবর্ণ প্রাপ্ত হইয়া সেই অবস্থাতেই অবস্থিতি করে। কিন্তু এই পরীক্ষাতে তারকে গলিত করিবার মত অধিক উত্তাপ না হওয়া আবশ্যক। উত্তাপ তত বেশী হইলে তারটাকৈ উপযুক্ত পরিমাণে লম্বা করিয়া দিলেই তাহা নিবারণ হইতে পারে।

নিম্নতর কৌতুকাবহ পরীক্ষাও উহার স্থায়িত্ব-ভাবকে সপ্রমাণ করিতেছে। এই ক্ষুদ্র যন্ত্রটীতে একটা



**>२** में किखा


অপরিচালক কাচের বাঁট রহিয়াছে: তার্ধার উপর নীচে ধাতু দিয়া মোড়ান। ঐ ধাতৃদ্বয়ের মধ্য দিয়াঁ নিৰ্গত চুইটা ধাতুর শলাকাতে তুইটা কয়লাকাঠি বসান আছে এবং স্তম্ভের চুই কেন্দ্র ঐ চুই ধাতুময়ী শলা-কার পশ্চাতে সংলগ্ন আছে। যেই কাচের হাতল'গ'দারা উপরকার • কয়লাকাঠিকে নীচের

করলার সঙ্গে স্পর্শ করান যায়, অমনি অকস্মাৎ উচ্ছ্বল আলোক জ্বলিয়া উঠে এবং যতক্ষণ স্তম্ভ হইতে স্রোভ আসিতে থাকে, ততক্ষণ অবিচ্ছেদে এইরূপ জ্বলিতে থাকে; যখন কেহ যের খুলিয়া দেয় তখনই থামে, আবার যের বন্ধ করিলেই আলোক পূর্বের স্থায় জ্বলিয়া উঠে। এইরপ ৫০ বা ১০০ থাক স্তম্ভ দারাই
ক্রাণেকের মধ্যে অনেকটা রোপ্য, স্বর্ণ বা
প্রাটিন গলান যায়। লোহ ও ইস্পাত যেমন ক্
অগ্নিকুণ্ডের মধ্যে দক্ষ হয় সেইরপ ইহা
দারাও দক্ষ হয়। এই বিষয়ের পরীক্ষা
করিতে গেলে নীচেকার কয়লাকে একট্
প্রাস্ত কবিয়া এবং তাহাতে একট্ গর্ত্ত
করিয়া লইয়া তাহার উপরে ধাতুটি রাখিতে
হয়। যেমন—(১৩শ চিত্র দেখ)



স্বরুরেউড সপ্রমাণ করিয়াছেন যে অরুরুইেড
অরুরুইেড সপ্রমাণ করিয়াছেন যে অরুরুইড
অন্তের প্রোত যদি তারের মধ্যে অর্থবা সাধারণতঃ কোন পরিচালক পদার্থের মধ্যে প্রবেশ করে, তাহা হইলে উহা চুম্বকের উপর অত্যস্ত গুণ-প্রকাশ করে; ঐ পরিচালক বস্তু চুম্বকের যতই নিকট বর্ত্তী হয়, তত অধিক বলে উহাকে নির্দ্দিউরূপে চালনা করে। তা।তৃত্ত্রেশত যে তার দিয়া চলে, চুম্বকের কাটা তাহার প্রতি লম্বভাবে থাকিতে চেটা করে।

এই আবিজ্ঞিয়ার সময়, বিজ্ঞানের যে অংশের বিষয় আমুরা এখন বলিতেছি, তাহা তাড়িতচৌ এক নাম প্রাপ্ত হইয়াছিল, কেন না এই নাম দারা তাড়িত ও চৌম্বক এত হুতিয়ের পারস্পরিক ক্রিয়াসম্বন্ধ নির্দ্দেশিত




**३३**थ हिला।

হয়। আমরা ঐ পারস্পরিক ক্রিয়াকে তুইটি পরীক্ষা দার। সাধারণরূপে এক প্রকার বুঝাইতে চেফী করিব। এই একটি তাড়িতচুম্বক ধাতু ঘ; তাড়িত-চুম্বক বস্ত্ৰ ( ) 8म हिज (तथ ) ঘোড়ার পায়ে যেরূপ খুর বসায়. ইহা সেইরূপ বক্রাকার নীরেট লোহ চোঙা : তাহার পরে 'গোটায়' যেমন সূতা জড়ান হয়, সেইরূপ ভাবে প্রায় 🛬 ইঞ্চি মোটা এবং বহু গজ লম্বা তামার তারকে সূক্ষ্ম বেশ্যের দারা জড়াইয়া, সেই রেশ্ম-জড়ানো তারের দারা সূতার নলীতে যেমন সূতা জড়ায় সেই রূপ উক্ত নীরেট চোঙার উভয় বাঁট জড়াইতে হইবে। এইরূপ তার দিয়া জড়ানো চোঙাকে তাড়িতচুম্বক ধাতুর লাটাই বলে। এই ছুই তারের শেষ সীমাদ্বরের (হ ও ক্ষ) কাছে রেশম জড়ান নাই, খোলা রহিয়াছে; ঐ তুই স্থান স্তম্ভের তুই কেন্দ্রের সহিত সংযুক্ত করিতে হইবে। যেই স্রোত বহিতে থাকে, অমনি খুরাকার লোহ ঘ বলবান চুম্বক হইয়া দাঁড়ায়; অমনি উহা পিরেক প্রভৃতি লোহখণ্ড আকর্ষণ করিতে থাকে; তাহারাও আবার অপরাপরকে এইরূপ আকর্ষণ করিয়া

ধরিয়া রাখে, তাহারাও আবার তাহাদের পালায় অপরকে ধরিয়া রাখে। এইরূপে একটি শিকলি মত প্রস্তুত হয়, সেই শিকলির প্রথম কড়া যেন তাডিত-চুম্বক ধাতুর তুই কেন্দ্র ক ও খতে লাগিয়া আছে। বেই মাত্র কেহ ঘের খুলিয়া বা ভাঙ্গিয়া দেয়, অমনি শ্ৰোত বন্ধ হয়**ং সেই ক্ষণেই যেন সকল** আকৰ্ষণ শক্তি একবারে লোপ পায়, লোহখণ্ড সকল পৃথক পৃথক হইয়া নিম্নে পড়িয়া যায়—তখন তাহারা ভারের আজ্ঞা ব্যতীত আর কাহারো কথা গ্রাহ্ম করে না। এইরূপে তাড়িতচুম্বক ধাতু ঘেরের বন্ধ বা উন্মুক্ত অবস্থাসুদারে আপনার শক্তি প্রাপ্ত হয় বা হারাইয়া ফেলে এবং এইরূপে একবার প্রবল আকর্ষণ, আর একবার সম্যক্ উদাসীনতা পুনঃ পুনঃ অতি সম্বর সাধন করা যাইতে পারে। পরবর্ত্তী পরীক্ষাতে এ বিষয় দেখিতে পাওয়া যাইবে।

বিতীয় প্রকার এইটি আর একটি তাড়িতচুম্বক তাড়িতচুম্বক বন্ধ ধাতুর যন্ত্র কিন্তু পূর্ববর্ত্তী যন্ত্রের (১৪শ চিত্র দেখ) অপেক্ষা ছোট এবং বার্ত্তাবহন কার্য্যে যেরূপ



> व्य हिता।

যন্ত্র ব্যবহৃত হয়, ইহা তাহারই অনুরূপ। ক খ লাগবাঁট, যাহাকে এখানে তাড়িতচুম্বক ধাতুর পতর বলা যায়, ছট্কার মত সচল ও দোছল্যমান ভাবে রহিয়াছে। প ও প পাকদণ্ড বা ঘূর্ণিকাদ্বয় উহার গতির সীমা নির্দিষ্ট করিয়া দেয়। স্বাভাবিক অবস্থায় পতরের স্থিতিস্থাপক্তা উহাকে প ঘূর্ণিকাতে সংলয় ফ ছটকাতে ঠেকাইয়া রাখে; এই ছট্কাকে প ঘূর্ণিকা ঘুরাইয়া ইচ্ছামত অধিক বা কম উঠান নামান যাইতে পারে। কিন্তু যখন ট ঠ তাড়িতচুম্বক ধাতু ক খ পতরকে আকর্ষণ করে, তখন উহা আপনার স্থান ছাড়িয়া আকর্ষণকারী কেন্দ্রন

দায়ের প্রতি অবনত হয়। এখন, এই তাড়িত্চ্দক যন্ত্রকে এমন প্রস্তুত করা গিয়াছে, যাহাতে উহার ঘের আপনা হইতেই বন্ধ হয় এবং আপনা হইতেই থুলিয়া যায়।

এই তাড়িতচুম্বক যন্ত্রের তারের একটা শেষ সীমা স্থু তে আসিয়াছে, আর একটা সীমা জ পায়াতে লাগান আছে। ঐ সমস্ত কাণ্ডটী ধাতু-নির্দ্মিত, স্থতরাং তাড়িত-স্রোত আপনা হইতে পতরে পরিচালিত হয় ; <sup>\*</sup>আবার পতর ফ ছটকাকে ছুঁইয়া থাকাতে পতর হইতে ঐ স্রোত ফ ছটকাতে যায় এবং ছটকা হইতে ঐ স্রোত ধাতুনির্শ্মিত জ কাণ্ডের নীচে কু তারে আইসে। এমতে স্থ এবং কু কে স্তম্ভের কেন্দ্রদ্বারের সঙ্গে সংযুক্ত করি-লেই ঘের জোড়া হইল এবং স্রোত চলিল। কিন্তু যেই ক্ষণ প্ররটা ট ঠ তাড়িতচুম্বকের দারা আকৃষ্ট হইল, অমনি পতরটা ক ছটকা হইতে ছাড়িয়া আসিল এবং ঘেরটা ভাঙ্গিয়া গেল; অমনি তাড়িতচুম্বক ধাতুর আকর্ষণী শক্তি নফ্ট হুইল, পতরও তৎক্ষণাৎ আপনার স্থিতিস্থাপকতা দারা ছটকাতে পুনরুখিত হইয়া বের কর করিল; তাহাতে আবার তাড়িতচুম্বকে আরুষ্ট হইল, আবার বিচ্ছেদ দ্ইল; এইরূপ অনির্দিষ্ট কাল পর্যান্ত চলিতে লাগিল। অতএব কখ পতর বিশ্রাম করিবার একটু অবকাশও পায় না, স্থানও পায় না। এইরূপ প্রতিক্ষণে উৎপন্ন ও বিনফু আকর্ষণশক্তির আয়ন্তাধীন হইয়া পতরের আন্দোলন অত্যন্ত সম্বরতা প্রাপ্ত হয়। এবং উহা দারা যে শব্দ উৎপন্ন হয় তাহার তীব্রতা কখন কখন প্রতিমূহুর্ত্তে বহুসহস্র কম্পনের সমান হয়।

ইতিপূর্বের যাহা বলা গেল, তাহা স্কম্বন্ধের, তাড়িত-লোতের এবং তাড়িতচৌম্বকের প্রথম ভাব উদ্দীপন করিবার পক্ষে, বোধ হয়, যথেষ্ট হইয়াছে। ইহা ঘারা এখন ঈষৎ বুঝিতে পারিবে য়ে কেমন সহজে এই নৃতন আবিদ্ধত শক্তিকে নানা প্রকার কার্য্যে লাগান গিয়াছে। বিশেষতঃ যে যন্ত্র ঘারা আমাদের চিন্তাল্রোত বার্ত্তা-বহের তারে শত শত যোজন দুরে এত ক্রত সঞ্চালিত হয় যে কোন ঘরের ভিতর করেক পদ দূরে কথার শব্দ প্রচার হইতে যতটুকু বিদম্ব হয়, তাহাতেও তত টুকুই বিলম্ব হয়, সেই আশ্চর্য্য যন্ত্র ইহা দারা কিরূপ লাভ হইরাছে তাহাও বুঝা যাইবে।

## আণবিক ক্রিয়া।

অণুর হন্দ্রতা। স্রান্ত্রের অণু বুঝাইরা দেওরা অত্যস্ত ছুরাহ। অণু যদি মনের অধ্যাহার্য্য বিষয় হইত, তাহা হইলে যেমন চতুকোণ, গোল অথবা অশু কৈনে ক্ষেত্ৰ-তত্ত্বের আকার ব্যাখ্যা করা যায়, সেইরূপ উহাকেও 'ব্যাখ্যা করা যাইতে পারিত। কিন্তু অণু বাস্তব পদার্থ ; উহাকে ব্যাখা করিতে গেলে উহা যে কি. তাহা আগে জানা, এবং তাহাই বলা আবশ্যক। কিন্তু ঐ বাস্তব পদার্থটী এমনি সূক্ষ যে, না আমরা তাহাকে ছুঁইতে পারি, না দেখিতে পারি, না কোন ইন্দ্রিয় দারা তাহাকে গ্রহণ করিতে পারি। এমন বাস্তব পদার্থ, যাহাকে ধরিতে ছুঁইতে পাওয়া যায় না, দেখিতে পাওয়া যার না বা অস্ত কোন ইন্দ্রিয় ছারা গ্রহণ করা যায় না; যাহার আকার অজ্ঞাত, যাহার পরিমাণ অজ্ঞাত, ঁ যাহার অস্তিত্বের প্রকার অজ্ঞাত, তাহাকে কিরূপে

ব্যাখ্যা করা যাইবে ? অতএব ক্ষেত্রতত্ত্বের মত করিয়া অণুর ব্যাখ্যা আমাদের পরিত্যাগ করিতে হইবে, কেননা উহা অধ্যাহার্য্য বিষয় নহে: ইন্দ্রিয়গোচর পদার্থের যেরূপ ব্যাখ্যা করিতে হয় সে প্রণালীও পরিত্যাগ করিতে হইবে, কারণ উহাকে আমরা ইন্দ্রিয় দ্বারা জানিতে পারি না। তবে, যখন আমাদের কোন মনের ভাব ঠিকঠাক ব্যক্ত করিতে হইবে, তখন কি আমরা অণু কথা একেবারেই ব্যবহার করিতে পারিব না—অণু কথাটাকে কি আমাদের ভাষা হইতে একেবারেই বহিষ্ণুত করিয়া দিতে হইবে ? তাহা হইতে পারে না। পদার্থবিজ্ঞান এবং অধ্যাহার্য্য বিজ্ঞান সমান নছে-এই চুই বিষয় একৃ পথে চলে না; আর আমাদের মনের এমনও শক্তি নাই যে, তাহা বাস্তব পদার্থকে স্পষ্ট ও সম্পূর্ণ দেখিতে পারে, তাহাকে সম্পূর্ণরূপে ধারণ করিতে পারে। বিজ্ঞান ছারা কিছু সমস্তটা জানা যায় না, কতকটা জানা যায় মাত্র।

ৰণু এখন তবে আমরা অণুতে ও আণ-বিক ক্রিয়াতে ফিরিয়া যাই। যখন আমরা বালুকারেণু

বা হীরক বা অন্য কোন পদার্থকে একটা খলে পিষিতে থাকি, তাঁহাদের খণ্ডাংশ বা কণার সংখ্যা নিরম্ভর অধিকই হইতে থাকে। এইরূপ করিতে করিতে যদি আমরা অবশেষে এমন অংশে আসি বাহাঝ্ল সমান ভাবে থাকে, যাহারা অবিভাজ্য ও অপরিবর্ত্তনীর, তাহা হইলে যে সকল পদার্থ ইইতে আমরা এরপ ফল পাইলাম, তাহাদের সম্বন্ধে আমরা বলিতে পারি যে, তাহাদের বিভাজ্যতার সীমা আছে; তাহাদের শেষ অণু দেখা দিয়াছে—সেই অণুদের এই আয়তন, এই আকার, তাহাদিগকে দেখিতে এইরূপ, তাহাদের গুণ এই; অণুর-গুণ হয়ত আবার অণুরাশির অথবা দ্রব্যের গুণ হইতে ভিন্ন। কিন্তু কেহই এপ্রকার অণু দেখিতে পায় না। এমন কিছুই ইন্দ্রিয়গোচর পদার্থ নাই যাহা বিভাক্তা নহে: অথবা আমরা এমন কিছুই দেখিতে পাই না, याहा রাশি বা সমষ্টি নহে; याहा পৃথক্ পৃথক্ অণুর অংশের একত্রীকরণ নহে। কিন্তু তথাপি আমরা া বুঝিতে পারি যে, যত সূক্ষা অংশ আমাদের চক্ষুর গোচর হইতে পারে, তাহাদেরও পরে এমন স্থসূক্ষা অংশ আছে যাহাদিগকে ইন্দ্রিয় ধরিতে পারে না। তাহাদের ঘেঁসা-ঘেঁসি অবস্থিতি দারা, তাহাদের শ্রেণীপূর্বক সন্নিবেশ দারা তাহাদেরই যোগে চক্ষুর গোচর অংশ সকল প্রস্তুত হয়। ঐ যে চক্ষুগোচর অংশের নির্মাণকারী সূক্ষতম অংশ-সকল, উহারাই বস্তুর অণু।

পরমাণ্। ইহা যদি ঠিক হইল, তবে এখন
অণুকে ত্ই রকমে দেখা যাইতে পারে। প্রথম, একটা
অণুকে সম্পূর্ণ সবর্ণ বলিয়া মনে করা যাইতে পারে;
সে যে স্থানটুকু ব্যাপিয়া আছে, সেই স্থানের সকল
অংশেতেই সে আপনার সদৃশভাবে ব্যাপিয়া আছে।
তাহার প্রত্যেক অংশই সর্ববতোভাবে অপরাংশের
সমান; এক অংশকে অপর অংশ হইতে পৃথক
করিয়া চিনিয়া লইবার কোন উপায় নাই। এইদ্ধপ
অণুকে পরমাণু বৃলে—হয়তো ইহা বিভাজ্য, হয়তো
বিভাজ্য নহে; হয়তো ইহা বিকার্য্য, হয়তো বিকার্য্য
নহে।

নংগত পদার্থ। বিতীয়তঃ, আমরা অণুকে সদৃশ বা বিসদৃশ অংশের এক প্রকার অথবা ভিন্ন প্রকার পরমাণুর সমষ্টি মনে করিতে পারি। এরপ হইলে কিন্তু সমস্ত অণুটা আর একাত্মক বা-সমানাত্মক (homogeneous) • হইল না; তাহা যতটা স্থান ব্যাপিয়া আছে, সেই স্থানের তাবৎ অংশে তাহা এক-সমান হইয়া থাকিতে পারিল না। তাহার এক অংশ অন্ত অংশের ঠিক সজাতীয় সমান ধর্মাযুক্ত হইল না। তাহা একটা সংগত পদার্থ হইল; তাহার সংলগ্নতার্ম মধ্যে বিচ্ছেদ আছে এবং স্থায়ীই হউক বা পরিবর্ত্তনশীলই হউক, তাহার সন্ধিবেশের একটি প্রণালী আছে।

এই শেষোক্ত প্রকৃতিবিশিষ্ট অণুকেই আমরা
অণু বলিয়া গ্রহণ করিলাম, কারণ প্রত্যক্ষ ঘটনারাশির
সঙ্গে অণুর এই প্রকৃতির বেশু মিল পাওয়া যায়।
এখন আমরা বস্তু,সকলের রচনা প্রণালীর প্রতি
কিঞ্চিৎ দৃষ্টিপাত করিয়া অণুকে বুঝাইবার চেষ্টা
করিব।

পদার্থ—বোগিক ও পদার্থ ছই প্রকার, যৌগিক ও রাট্ । কভকগুলি পদার্থ আছে যাহা হইতে আমরা ভিন্ন পদার্থ বাহির করিতে পারি—

ইহাদিগকে যৌগিক পদার্থ কহে। কতকগুলি পদার্থ আছে, যাহা হইতে আমরা ভিন্ন পদার্থ বাহির করিতে পারি না—ইহাদিগকে রুঢ়িক পদার্থ বা ভূত কহে। জল যৌগিক বা সংগত পদার্থ, কারণ উহা হইতে আমরা দহক ও অজ্ঞনর্ফ (প্রচলিত ভাষায়, অমুজ্ঞান ও উদজ্ঞান) বাহির করিতে পারি। দহক রুঢ়িক পদার্থ কেন না, উহা ইইতে দহক ভিন্ন আর কিছুই বাহির করিতে পারি না। অজ্ঞনকও ঐরপ রুঢ়িক পদার্থ।

ভূত সংখ্যা। পূর্বের ইউরোপে চারি প্রকার ভূত গণনা করিত; যথা, ক্ষিতি, অপ্, বায়ু ও বহিন। ভারতবর্ষে ব্যোমকে লইয়া পঞ্চভূত গণনা করিত। কিন্তু আমরা এখন আর ঐ প্রথম তিনটীকে ভূত বলিয়া গণনা করিতে পারি না, যেহেতু আমরা উহা-দিগকে এখন বিষুক্ত করিতে পারি। আর, বহিন্ত ব্যোমকে ভারবান পদার্থের সহিত সমসূত্রে ধরা উচিত নহে। কিন্তু এই যে পৌরাণিক পঞ্চভূতের মত, ইহা দারা প্রাকৃতিক বিজ্ঞান শিক্ষা বিষয়ে অনেক প্র ইহা পদার্থ সমূহের মধ্যে যোগিক ও রুঢ়িক বলিয়া ছই প্রকার ভেদ স্থাপন করিয়াছিল। ইহার ভানটা সত্য ছিল, কিন্তু ইহার ছাঁচটায় অর্থাৎ ইহার আকারে ভ্রম ঘটিয়াছিল — অর্থাৎ ঐ পাঁচটা যে ভূত সেই বিষয়ে ভ্রম হইয়াছিল।

আজিকার দিনে সত্তর্যী # ভূত বা রাঢ়িক পদার্থ
গণনা করা যায়; তাহাদিগকে ছুইভাগে. বিভক্ত
করে—ধাতু এবং উপধাতু। কিন্তু এমন কোন লক্ষণ
নাই, যাহা ঘারা উভয়শ্রেণীর মধ্যে সীমা নির্দেশ
করা যায়; উহাদিগের মধ্যে এমন পদার্থ আছে,
যাহা উভয় শ্রেণীতেই বসে। তথাপি সচরাচর
পানেরটাকে উপধাতুর মধ্যে এবং অবশিষ্টগুলিকে
ধাতুর মধ্যে গণ্য করা যায়।

-প্রয়োজনীয় কতকণ্ডলি-রুঢ়িক পদার্থের ভালিকা—

(১) উপধাতু বা অধাতব।

১। দহক

Oxygen

২। অজনক

Hydrogen

 <sup>\*</sup> লেখক ৬৪ ভূত লিখিরাছিলেন; তাহার উপর ৬টা ভূত আবিছত হওরাতে আমরা १০ ভূত লিখিরা দিলাম।

৩। মরুতক	Nitrogen
.৪। অঙ্গার	Carbon
৫। গন্ধক	Sulphur
৬। সোমক	Selenium '
৭। ভৌমক	Tellurium
৮। হরিতক	Chlorine
৯। অরুণক	Bromine
> । রোহিতক	Iodine
>>। দীপক	Fluorine
<b>२२।</b> ऋूत्रक	Phosphorus
১৩। जानक	Arsenic
১৪। বোরক	Boron
<b>२</b> ৫। निनिक	Silicon
(২) ধাতব।	
১। পত্ৰক °	Potassium
२। मर्ज	Sodium
৩। খটিক	Calcium
८। मग्नक	Magnesium

æ i	किंग	Aluminium
७।	<b>्</b> रनोर	Iron or Ferrum or
91	ক্রোমক	Chromium
61	निरंकन	Nickel
৯।	দস্তা বা যশদ	Zinc
> 1	রঙ্গ •	Tin
221	সীসক	Lead or Plumbum
>२ ।	বস্থমৎ	Bismuth .
201	অঞ্চন	Antimony
186	তাম	Copper or Cuprum
261	পারদ	Mercury
<b>५७</b> ।	রজত, রোপ্য	Silver or Argentum
1 PC,	হিরণ্য, স্বর্ণ	Gold or Aurum
721	প্লবন্দ •	Platinum
াংগভ বা		ইয়া এই সকল ভূত নানা
পদার্থের দৃষ্টান্ত। প্রকার সংগত পদার্থ প্রস্তুত করে।		
হারা দহকের সহিত হুক্ত হইরা দন্ধীন (oxide)		
<b>শস্তুত</b>	করে: যেমন	পত্রকের দথ্বীন পত্রিকা

(Potash), সর্জের সর্জিকা (Soda), খটিকের খটিকা বা তুর্ণ; যেমন লোহের, সীসার, রোপ্যের দগ্ধীন ইত্যাদি।

গন্ধকের সহিত ইহারা গন্ধীন (Sulphide) প্রস্তুত করে; যেমন লোহের গন্ধীন, রাঙের গন্ধীন, ইত্যাদি। হরিতকের সহিত ইহারা হরিন্ডীন (Chloride) প্রস্তুত করে; যেমন মরুতকের হরিতীন, সর্জের হরিতীন—যাহা আহার্য্য লবণ, লোহের হরিতীন, পারদের হরিতীন—যাহা ক্যালোমেল, রোপ্যের, হিরণ্য বা স্বর্ণের, প্লবঙ্গের (Platinum) হরিতীন ইত্যাদি। এইরূপ আরও অনেক প্রকার সংগ্রু

ধাতু সকল যখন পরস্পার যুক্ত হয়, তাহাকে কলাই বলে। দ্রাবক (Acid) সকল দগ্ধীনের সহিত যুক্ত হইলে লবণ প্রস্তুত হয়—যথা মরুতিম পত্রক (Potassic Nitrate) অর্থাৎ সোরা; মরুতিম সর্জ; মরুতিম ভাত্র, মরুতিম রোপ্য ইত্যাদি।

পদার্থ প্রস্তুত হয়।

উন্তিদ্ পদার্থ, যাহা এত বিভিন্ন প্রকার, তাহা প্রায় কেবুল দহক, অজ্ঞনক এবং অঙ্গার এই তিন ভূতের ভিন্ন পরিমাণ যোগে উৎপন্ন হয়। আর, জান্তব পদার্থ মাত্র এই তিনটি ব্যতীত মক্ষতককেও প্রেচলিত ভাষায় ববক্ষারজান) ধারণ করে; জান্তব ও উন্তিজ্জ পদার্থে এতদতিরিক্ত কখন বা গন্ধক, কখন বা স্ফ্রক, কখন বা খটিক, এবং অতি ক্ষ্ দু পরিমাণে অস্তান্ত ভূতও থাকে।

পূর্ব্বাক্ত সংগত পদার্থের মধ্যে যে সকল ভূত থাকে, তাহাদের প্রতি অণুতেও সেই সেই উপাদান-ভূত থাকে। আমাদের আহার্য্য লবণের অণুতে হরিতক ও সর্জ আছে; উদ্ভিদ্সূত্রের অণুতে দহক, অজনক ও অঙ্গার আছে; মাংসপেশীর সূত্রের অণুতে দহক, অজনক, অঙ্গার এবং মক্তক আছে।

পরমাণ্ সকল সংলগ্ধ একাধিক ভৌতিক পরমাণ্ উপাদান
ধাকে লা। ঘারা অণু রচিত হয়, কিন্তু তাহারা
যে পরস্পরে সংলগ্ধ অর্থাৎ পরস্পারকে একেবারে
ছুঁইয়া থাকে তাহা নহে। প্রাকৃতিক বিজ্ঞান, রসায়ন-

বিজ্ঞান, করকাবিজ্ঞান, (Crystallography) জীবনবিজ্ঞান, (Physiology) সকলই প্রমাণ করে যে
উহারা পরস্পর হইতে পৃথক এবং দূরে অবস্থিত।
অণু সকলও পরম্পর সেইরূপ আবার যথন অসংখ্য অণু
অসংলয়। একত্র হইয়া অতি ক্ষুদ্র দৃশ্যমান রেণুকণা প্রস্তুত করে, সেই সকল অণু ফে-পরস্পরকে স্পর্শ
করিয়া থাকে তাহা নহে, কিন্তু উহারা সর্বতোভাবে
পৃথক এবং দূরে দূরে অবস্থিতি করে।

এখন, একটা বৃহৎ পদার্থেরও যেরূপ গঠন, তাহার রেণুরও সেই একই গঠন। স্থতরাং পদার্থেরা শেষফলে পরস্পর-অসংস্পৃষ্ট অণুর সমষ্টি ভিন্ন আর কিছুই নহে এবং সেই অণুরা আবার পরস্পর-অসংস্পৃষ্ট ভূত-পরমাণুর সমষ্টিমাত্র।

ক্ষাট্ৰ ও যৌগিক আমরা সংগত পদার্থ এবং তাহাদের
পদার্থের প্রভেদ। অণুদের বিষয় যাহা বলিলাম ক্ষাট্রক
পদার্থেও তাহাই সর্বতোভাবে প্রযোজ্য। ক্ষাট্রক
পদার্থের গঠন সংগত পদার্থেব গঠন হইতে কোন
বিশেষ লক্ষণ দ্বারা পরিচিত্নিত হয় না; কেবল ক্ষাট্রক

পদার্থের অণুতে অসবর্ণ ও অসদৃশ ভূতের পরিবর্ত্তে সবর্ণ ও সদৃশ ভূতের সংস্থান থাকে।

আণবিক জিরা— পদার্থ সমূত্রের এখন আমরা যে व्याकर्षण ७ विकर्षण। সকল গুণ দেখিতে পাই, তাহার. কিছুই থাকিত না যদি উপকরণের ভূত সকল পর-স্পারের উপর • নির্ভর না করিত ও সর্ববথা স্বতন্ত্র থাকিত; তাহা হইলে না কঠিন পদার্থ থাকিত, না তরল পদার্থই থাকিত, সমস্ত ভূমগুল কেবল বায়বীয় হইয়া থাকিত,—না তাহাদের পরস্পারের মধ্যে কোন বাঁধাবাঁধি থাকিত, না তাহাদের কোন আকার প্রকার থাকিত—কেবল এক স্থিতিরোধকতা দ্বারা পরস্পর পরস্পরকে বাধা দিতে থাকিত, এই মাত্র। অতএব ক্ষড় পদার্থের ভূত সকল পারস্পরিক ক্রিয়া দারা সম্বন্ধ। আকর্ষণ ও বিকর্ষণ শক্তি উহাদিগের মধ্যে कार्या कतिया উহाদिগকে পর अपने इहेट निर्फिक्ष পরিমাণ দূরে রাখিতেছে; পদার্থদিগের আকার, গঠন ও প্রকৃতি নিরূপিত করিয়া দিতেছে। এই শক্তিষয় আণবিক ক্রিয়া নামে খ্যাত।

কঠিন পদার্থ উত্তাপকে আপনার মধ্যে প্রবেশ করিতে দেয় এবং সেই সঙ্গে তাহার আয়জন বুদ্ধি প্রাপ্ত হয়; স্ক্তরাং উহাদিগের অণু সকল পরস্পর সংশ্লিষ্ট থাকে না, কারণ, তাহা হইলে শীতল হইলে তাহারা পুনরায় সুকুচিত হইত না। তবে এই বলিতে হইবে যে, উত্তাপের পরিমাণ অমুসাক্ষে উহারা আপনা-দিগের আণবিক আকর্ষণ শক্তি এবং উহাদিগের মধ্য-স্থিত সেই উত্তাপের বিকর্ষণ শক্তি ( যাহা আয়তনকে ক্রমিকই বর্দ্ধিত করিতে ও অণুদিগকে ক্রমাগতই দূরে লইয়া যাইতে চাহে ), এই উভয় শক্তি দারা এক এক সামঞ্জস্তধারা প্রস্তুত করিয়া লয়। কঠিন বস্তুর দৃঢ়তা, জমাটবদ্ধভাব, আঁকড়াইয়া থাকার ভাব এবং আর আর গুণ সকল, যাহা উত্তাপের সঙ্গে পরিবর্ত্তিত হয়, উহারা আণবিক সাম্যভাবের ফলমাত্র।

যে ভাব থাকিলে কাঠিগু বলা যায়, তরল পদাথে অণুসকলের সেরপ অচল ভাব থাকে না, উহারা আপনাদিগের ভিতর চলিয়া বেড়ায়; কিন্তু তাহাতে ভাহাদের কতক পরিমাণে জমাটবদ্ধ ভাবের ব্যাঘাত হয় না। যদি পাত্রের কাণায় বা পাতার আগায়ু এক কোঁটা জীল ঝুলিয়া রহিয়াছে মনে করা যায়, সেই কোঁটায় অনুরা পরস্পরের উপর যে আকর্ষণ প্রয়োগ করে, তাহারই দারা তাহার নীচের অন্ধভাগ উপরের অর্দ্ধভাগে লাগিয়া থাকে।

বাতাসে এবং বায়বীয় পদার্থে অণুসকলের वाशनात्त्र मर्था वारशिकक महलका वार्ता अधिक। তাহাদের বিশেষ লক্ষণ এই যে তাহাদের আঁকর্ষণী শক্তিকে অতিক্রম করিয়া তাহাদের অণু সকল অবিরত অধিকাধিক দূরে যাইতেই চেফী করে, অধিকতর আয়তন ধারণ করিতে চায়। তাহাদের এক यनिर्फिष्ठे প্রসারণ শক্তি আছে। यদি তাহাদিগকে দশ গুণ, শত গুণ বা সহস্রগুণ অধিকায়তন স্থানে বিস্তৃত হইতে দেওয়া যায় তখনো তাহারা আরও প্রসারিত হইতে চেফা করে এবং যে পাত্রের মধ্যে তাহারা থাকে, যে পাত্র তাহাদিগকে আবদ্ধ • করিয়া রাখে, সেই পাত্রের পরদায় (গাত্রে) তাহারা চাপ প্রয়োগ করিতে থাকে।

বারবীর পদার্থের এই চাপই তাহাদিগের প্রসারণ শক্তির হিতিহাপকতা। বা স্থিতিস্থাপক শক্তির পরিম্মাণ। এই চাপ সর্ববদাই আছে কিন্তু উন্নার পরিমাণ অত্যন্ত বিভিন্ন। বাতাসকে যতই সংকুচিত করা যায়, যে পরিমাণে তাহার আয়-তনকে কুদ্র করা যায়, যতই অপ্রশন্ত স্থানে তাহার্কে ঠাসিয়া রাখা যায় ততই তাহার চাপ বা স্থিতিস্থাপকতা বৃদ্ধি পায়। বায়্র পিচকিরি দারা (১৬শ চিত্র) তাহা সপ্রমাণ হয়। বায়ুকে যত মুক্ত ভাবে আপনার আয়তন বৃদ্ধি করিতে ছাড়িয়া দেওয়া যায়, ততই তাহার চাপ ও স্থিতিস্থাপকতা কমিতে থাকে।

পদার্থ সমূহের অণু সমূহের স্থায়ী ভাব,
লক্ষণ। অটল ভাব কঠিন পদার্থের
লক্ষণ; অণুসমূহের অপেক্ষাকৃত সচলভাব
তরল পদার্থের লক্ষণ; অণুসমূহের প্রসারণ
মরুৎ পদার্থের লক্ষণ।

যাহা দারা বস্তুর রচনাপ্রণালী পরিবর্ত্তিত

হয় না, প্রাকৃতিকবিজ্ঞানে কেবল সেই সকল আণবিক ক্রিয়া সমালোচিত হয়; যে সকল আণবিক ক্রিয়া দারা ,বিভিন্ন ভূতের যোগাযোগ নিয়মিত হয়, তাহারা রসায়ন বিজ্ঞানের বিষয়।

## भक्तिक्कान।

শব্দোৎপত্তি, শব্দ-বিস্তার ও শব্দ-বোধ সম্বন্ধ যাহা কিছু বলা যাইবে, সকলই শব্দবিজ্ঞানের অস্তবর্ত্তী। শব্দশীল বস্তুমাত্রই বাতাসে, অথবা শক্ষোৎপত্তিতে বাবধান वावशक । সেই বস্তু ও আমাদের মধ্যে যে ব্যবধান, সেই ব্যবধানে যাতায়াত গতিবিধান করে। এই গভি কখন হেলনাকারে, কখন দোলনাকারে কখন বা প্রকম্পন এবং কখন বা স্পন্দনাকারে হইয়া থাকে। ্যখন কোন বাছ যন্ত্রের তন্ত্রী অঙ্গুলি-भस कि श्रकाद्व क्षेत्र हर १ স্পর্শ দারা প্রকম্পিত হয়, বাতাস ক্রমে পরে পরে ভাহার সেই গতি প্রাপ্ত হয় ; বাতাস ঐ গতিকে আবার কর্ণপটহে সঞ্চারিত করে, কর্ণ-পটহ উহাকে শ্রবণ-স্নায়ুতে প্রচার করে। এইরূপে দেখ, বাতাসের মধ্যস্থতাতে শ্রবণ-সায়ুর ও সম্পন্দ ভন্ত্রীর যোগাযোগ রক্ষিত হয়। ইহা দ্বারা শ্রবণ-সায়ু যেন ঐ ভন্ত্রীর সহিত একভাব ধারণ করে, উহার সর্বপ্রকার গতির ভাগী হয়। ভন্ত্রী মুহুর্ত্তে শত বা সহস্রবার স্পান্দন করিলে ইহাও তত বার স্পান্দন করিবে এবং ভন্ত্রীর বিশ্রামন্থান হইছে স্পান্দনের অধিকণ্ঠর বা অল্পতর প্রসার্য্যভাত্মসারে স্নায়ুও অধিক বা অল্প প্রসরে স্পান্দিত হয়।

শন্দ বলিতে কি শন্দে আমরা ছই প্রকার ঘটনা ব্রার? দেখিতে পাই—এক, স্থনবান্ পদাথেরি ও বাতাসের স্পান্দন, এবং দিতীয়, ইহার ফলস্বরূপ শব্দজ্ঞান। যদিও প্রধানত শব্দজ্ঞানকেই শব্দ বলে, পরস্তু তাহার কারণকেও, অর্থাৎ আমার্দের ইন্দ্রিয়ের বাহিরে যে স্পান্দনশীল গতি হয় তাহাকেও

মন্দ ও ক্রত স্পন্দনে মন্ত্র ও তারবরের উৎপত্তি। শব্দের তীক্ষতা আবণ-স্নায়্র স্পন্দনের প্রসারের উপর, স্তরাং মূলে বাহিরের শব্দায়মান পদা- র্থের প্রকম্পন-প্রসারের উপর নির্ভর করে। মন্দ স্পন্দনের সহিত মন্দ্রস্বর ও ফ্রুত স্পন্দনের সহিত তারস্বরের সমাবেশ হয়। মধ্য স্বর্ত্রামের ধা স্কর (Diapason) মুন্তর্ভে ৮৭০ বার একধাস্পন্দনের সমতুল্য (একধাস্পন্দন বলিতে,প্রত্যাবর্ত্তন বিনা কেবল গমনকেই বুঝায়।) আর, আর্গিনের (organ) সর্ব্বা-পেক্ষা খাদের স্করে ৬৪টা একধাস্পন্দন মাত্রে হয়। মন্ত্রের খাদস্করে ৩৯৬ এবং শিশুর চীৎকারে মুহুর্ত্তে ২০০০ অপেক্ষাও অধিক একধা-স্পন্দন হয়।

শক্ষের অনুভব- শক্ষায়মান পদার্থের স্পন্দন নানা
প্রণালী। প্রকারে বোধগম্য হয়। একটা
ঘণ্টা বা যে কোন শক্ষায়মান কঠিন পদার্থ হউক,
তাঁহাকে অঙ্গুলি দ্বারা অত্যন্ত লঘুভাবে স্পর্শ করিলে
এক প্রকার কম্পন-বিশেষ উপলব্ধ হয় এবং
উহাকে চাপিলেই কম্পন ও ধ্বনি উভয়ই এককালে
থামিয়া যায়।

শন্দন-ভরকের যদি পারাবিশিষ্ট ও অর্দ্ধজল বা আকার। পারদপূর্ণ কাচপাত্রের মুখে বাছা- যন্ত্রের ধন্তুক দিয়া টানা যায়. তাহাঁ হইলে বিশেষ নিয়মামুসারো কখন মন্দ্রতর, কখন তারতর ধ্বনি কূর্ণগোচর হয়। আবার সেইক্ষণে তরল পদার্থের উপরিভাগ ক্ষুদ্র কুদ্র ঢেউ বা আন্দোলন ছার লাঙ্গলপ্রদ্ধতির ভাব ধারণ করে। এই আন্দোলন নেমিদেশ হইতে নাভিবিন্দুতে প্রচারিত হয়। এই তরঙ্গমালা এক রক্ষমে ঐ কাচ-পাত্রের স্পন্দন-ঠাট আঁকিয়া দেয়। এইরূপে দেখিতে পাওয়া







>१म हिळा।

যায় যে স্পন্দনাংশ সমসংখ্যক অঙ্কবিশিষ্ট হয়—যের্মন, ৪, ৬, ৮; এবং ঐ স্পন্দন-ঢেউ যত অধিক সংখ্যক হয়, ধ্বনি তত উচ্চ হয়।

আকার, দ্রব্য ও শব্দগত প্রভেদ যাহাই থাকুক না কেন, এইরূপে স্পন্দনশীল পদার্থমাত্রই বহুতর তরঙ্গরম্পরায় বিভক্ত হয়। এই তরঙ্গমালা বিশ্রাম- রেখা দারা পরস্পর হইতে পৃথক হয়। এই বিশ্রাম-রেখাকে শক্ষিরেখাও বলে বা কেবল গ্রন্থিও বলে। নিম্নলিখিত চিত্র দারা সমচতুত্ব পাতের কতকগুলি



১৮म हिन्।

স্পন্দন-প্রকার দেখিতে পাওয়া যাইবে। ৩৬টা সমচতু-ভুজ পাত আছে। ইহাদের মধ্যে খেতবিন্দু দারা সরল, বক্রাকার ও অসমান (irregular) গ্রন্থিরেখা দেখান যাইতেছে। এই ছবিতে যে সকল অন্তুতাকার গ্রন্থিরেখা দৃষ্ট হইতেছে, তাহা দারা ইহাই প্রকাশিত হইওেছে যে, ৬ বা ৮ ইঞ্চি বাহুপরিমিত ॐ रेढ বা নু ইঞ্চি পুরু কাচ বা ধাতুময় একই পাত্রের অণু সকল কি সূহজভাবে অত্যন্ত বিসদৃশ স্পন্দনাবস্থায় পরিণত হয়।

এইরূপ অসংখ্য বিভিন্নাকার 'স্পন্দন উৎপাদন করিবার জম্ম পাতকে চক্রবাটভাবে (horizontally) চিমটা দারা রক্ষা করিতে হয়। চিমটা আপনার তুই মুখ দারা উহার ছই পৃষ্ঠায় ছুই বিন্দু চাপিয়া ধরে। তাহার পরে বাছযন্ত্রের ধমুক দ্বারা পাতের কোন এক বিন্দুতে টানিতে থাকিলে এবং ঐ পাতের ট্রপর বালুদানা সকল রাখিলে ঐ বালুদানাগুলি স্পন্দন দারা গতিযুক্ত হইয়া সরিতে সরিতে ও নাচিতে নাচিতে সহস্ররূপে স্থানান্তরিত হইয়া গ্রন্থিরেখায় আসিয়া একত্র হয় এবং এইরূপে গ্রন্থির গঠন অন্ধিত করে। গ্রন্থিরেখাসকল বিভিন্ন ধ্বনির সম্বন্ধে বিভিন্ন আকার ধারণ করে: ইহাতে সহজে জানা যায় যে. দোলন ক্রিয়া গ্রন্থিরেখার আশপাশে সম্পাদিত হয়---

এমনিভাবে সম্পাদিত হয় যে, পাত এক পাশে উঠে আর এক প্রাশে নামে। এই চুই ভিন্নপ্রকার গীতি গ্রন্থিরেখান্ধিত স্থানকে নির্দ্ধিট করিয়া দেয়।

জড় পদার্থের বিষয়ে পুর্বেব যাহা শৰম্পন্ন নে ব বিস্তৃতি। বলা হইয়াছে, তদ্বারা তাহার অভ্য-স্তরস্থ গতি সাধারণরূপে বুঝিতে পারা যাইকে। কতকগুলি পরমাণুসমপ্তিকে দ্রব্য কহে। ঐ পরমাণু সকল পরস্পর পৃথক্ ও দূরে থাকিয়াও পরস্পরকে নিরস্তর চায় এবং তাহাদিগের পারস্পরিক ক্রিয়া দারা সাম্যভাবে অবস্থান করে। ঐ দ্রব্যের অতি ক্ষুদ্রতম অংশও চাপ পাইলে তাহা তৎক্ষণাৎ সেই চাপকে আপ-'নার চতুর্দ্দিকে প্রসারিত করিয়া দেয় ; চতুর্দ্দিকস্থ অংশ 'সক্ট আবার উহাকে আপনাদিগের চতুর্দ্দিকে বিস্তারিত করে এবং এইরূপে ঐ চাপ ক্রমে ক্রমে দ্রব্যের সীমা পর্য্যস্ত চলিয়া আসে। কিন্তু ঐ দ্রব্যটী শৃন্মের মধ্যে পৃথগবস্থিত নাই; ইহা অত্যাত্য আশ্রয়, অস্তাত্য জ্ড় পদার্থরাশি অবলম্বন করিয়া থাকে, স্থুতরাং ভাহারাও ইহার পারমাণ্বিক গতির অংশী হয়।

তথাপি এই সকল চাপ একক্ষণে সম্পন্ন হয় না। কোন চাপের দান আদান অলকণের মধ্যে হইক্ষেও নির্দিষ্ট সময়ের মধ্যে হওয়া চাই। এই সম্য়ের তারতম্যে স্বনবান্ দ্রব্য সকল স্পন্দ-ঢাল ও বিশ্রাম-রেখায় বিভক্ত হয় । এইরূপে সকল স্পন্দনশীল গতি দূরে প্রচারিত হয়: কেবল যে দ্রব্যে উহা উদ্ভূত হইয়াছে সেই-দ্রব্যেই যে সঞ্চারিত হয় তাহা নহে কিন্তু ক্রমে নিক্টন্ত সমুদয় পদার্থরাশিতে তাহা সঞ্চারিত হয়। স্পাদনগতির মাত্রা ও তাহার সঞ্চারগতির সময়ের যোগে ঐ সকল পদার্থরাশি প্রথমকৃষ্পিত পদার্থের প্রকম্পনকে এক নির্দ্দিষ্ট শ্রেণীপরম্পরায় ও স্ময়ক্রমে আরুত্তি করে।

কুল হাতৃড়ি, যাহা ঘড়ির ঘণ্টিকে আঘাত করে, ভাহা ঘণ্টির অভি অল্ল স্থান মাত্র স্পার্শ করে অথচ সমস্ত ঘড়িও ভাহার আধার উহার গতি প্রাপ্ত হয়। তেমনি যে দণ্ড প্রকাণ্ড ঘণ্টাকে আঘাত করে, ভাহাও ঘণ্টার অল্ল স্থানই স্পার্শ করে, অথচ সমুদয় ঘণ্টা আন্দোলিত হয়। তদ্বারা,কেবল যে ১০৷২০ মাইল

দূর পর্যান্ত বায়ু কম্পান্থিত হয় তাহা নহে; কিন্তু যে সকল আধ্যুর ঐ ঘণ্টাকে ধারণ করিয়া থাকে তাহারাও ঐ গতি প্রাপ্ত হয়, তাহারাও অপুন্দিত হইয়া সেই স্পন্দনকে বাটার মেজে (গৃহতল), প্রাচীরত্লম্থ মৃতিকা পর্যান্ত প্রচার করে; আবার তাহারা নিজ নিজ দৃঢ়তা, কোমল্ভা, নিজ নিজ স্থিতিস্থাপকতাভেদে ঐ স্পন্দন-গতিকে যথাযোগ্যরূপে প্রচার করে।

## আলোক।

আলোকের কাষ্য। আলোক দূরস্থ দ্রব্যের আকার ও তাহাদের দৃশ্যমান আয়তন জানায়। যখন আমরা কোন গাছ বা বাড়ী বা পর্বতের দিকে তাকাই, যখন আমা-দের দৃষ্টি দৃষ্টিসীমায় আবদ্ধ হয়, তৎক্ষণাৎ তথাকার পদার্থচয়ের সহিত আমাদের সম্বন্ধ স্থাপিত হয়; উক্ত পদার্থচয়কে কেবল বাহ্য পদার্থমাত্র বলিয়া জানি না, কিন্তু এমন বাহ্যপদার্থ বলিয়া জানি, যাহার আকার, প্রভা, বর্ণ, পারম্পারিক অবস্থান ও দূরতা আমরা এককালীন অনুভব করি।

আলোকেরই প্রসাদ্ধে বাহুজগৎকে আমরা এমন

সত্ত্বর, এমন পূর্ণরূপে, আশ্চর্য্য রূপে জানিতেছি। আনোকের ঘারাই আমরা আকাশকে স্পর্শ করি; কিন্তু ইহা সেই অন্ধকার আকাশ নহে, যাহা আমরা অধ্যাহার করিরা জানি; ইহা সেই শৃশু জ্যামিতিক আকাশও নহে, যাহা দৃষ্টিহীন ব্যক্তিও অমুভব করে; কিন্তু ইহা সেই বাস্তবিক আকাশ; যাহা জ্যোতিতে জ্যোতিখান, যাহা পৃথিবীর ভূষণস্বরূপ জীব জন্তু ও উদ্ভিক্তে পরিপূর্ণ, এবং যাহা তেজঃপুঞ্জ লোকমগুলে পরিপূর্ণ থাকিয়া অন্তরীক্ষের শোভাসম্পাদন ও বিশ্ব-পত্তির মহিমা ঘোষণা করে।

সৌরন্ধণংগ্রণানীর কি আশ্চর্য্য সহজ প্রণালীতে

আভাস। এই ব্যাপার সম্পন্ন হয়, সংক্ষেপে
তাহা বুঝাইবার চেষ্টা করা যাউক। পৃথিবী একটী
গোলাকার পদার্থ; ইহার ব্যাস প্রায় ৭৯৩৮ মাইল।
ইহাকে ভূলোক বলে। ইহা প্রায় ৫০। ৬০ মাইল উর্দ্ধ

কাহারও কাহারও মতে e • নাইল উর্ক্ পর্যান্ত বায়ুর অভি

ক্ষে অবছায় অভিছের নিয়র্শন পাওয়া গিয়াছে।

বলে। এই বায়ুসীমার উর্দ্ধে স্বর্লোকের আরম্ভ। মনে চিষ্ণা কর. এই আকাশ সকল স্থানেই প্রণারিত হইয়া রহিয়াছে—উচ্চে স্থামাদের মস্তকের উপরে, গভীরতায় আমাদের পদতলের নিম্নে এবং আমাদের সমুদয় আশেপাশে সমভাবে অমিত ও অসীমরূপে বিস্তৃত আছে। 'আরো মনে কর, আমাদের পৃথিবী-গ্রহসদৃশ বৃহত্তর বা ক্ষুদ্রতর অন্যান্য গ্রহ সকল্প পৃথি-বীর ভায় আকাশে থাকিয়া ইহাদের সাধারণ কেন্দ্র সূর্য্যের চতুর্দ্ধিকে আকৃষ্ট বা ঘূর্ণ্যমান হইতেছে। যে গ্রহ এই মধ্যবিন্দুর অত্যন্ত নিকটবর্ত্তী, তাহা প্রায় চারি কোটা আশি লক্ষ মাইল পরিমিত কক্ষরেখা (orbit) অঙ্কিত করিতেছে। যে গ্রহ ভাত্যন্ত দূরবর্ত্তী, তাহা পৃথিবীর কক্ষরেখা অপেকা ৩০ গুণ বৃহৎ কক্ষরটনা করিতেছে অর্থাৎ প্রায় ৩৬০ কোটা মাইল পরিমিত অরবিশিষ্ট চক্রাকারে পরি-ভ্রমণ করিতেছে। এইরূপে আমরা যাহার অস্তর্ভূত স্বাছি, সেই সৌরজগৎপ্রণালীর আভাস প্রাপ্ত হইলাম।

হ্ব্য দৌরজগতের সূর্য্য কেবল সৌরজগতের মধ্যবিন্দু আনেক-কেন্দ্র। এবং তাহার গতি ও ক্রিয়ার কেন্দ্র-মাত্র নহে, ইহা ঐ জগৎমগুলের আলোকেরও কেন্দ্র আধার। চারি শতাবধি ও জ্ঞাত গ্রহ এবং তাহা-দের অধীনস্থ উপগ্রহ এবং শত শত ধ্মকেতু, এই সকলই সূর্য্যেরই জ্যোতিতে দীপ্তি পায়; এবং চন্দ্র ও পৃথিবীর হ্যায় এই সকল গ্রহ প্রভৃতির যে অর্জখণ্ড সূর্য্যের অভিমুখে থাকে তাহাই দীপ্তি পায়, অপর অর্দ্ধাংশ রক্ষনীর অন্ধ্বকারে আর্ত থাকে।

ব্দ্ধাণ্ডের নিষ্ট সৌর- আমাদের মানসচক্ষুর সমীপে
কাং একটা বিল্ক। যাহা এমন প্রকাণ্ড বলিয়া বোধ
হইতেছে, জ্যোতিষশান্ত যাহাকে আয়ত্ত করিতে সমর্থ
হয় না, সেই এই সৌরঁজগৎ ব্রহ্মাণ্ডের সম্বন্ধে একটি
বিল্কু—একটা অদৃশ্য বিল্কু মাত্র । যাহাদের আকার,
গঠন ও নিয়মাবলী আমাদের নিকট এই সৌরক্রগতেরই সদৃশ বলিয়া বোধ হয়, এমন অসংখ্য ক্রগৎ

লেখক লিখিয়াছিলেন "শতাবধি"; বর্ত্তমালের আবিকারামুবারী
 আমরা "শতাবধি" শব্দের পুর্ব্বে "চারি" সংযুক্ত করিয়া দিলাম।

আকাশগহরে অবস্থান করিতেছে। আকাশস্থিত প্রত্যেক শক্ষত্র সূর্য্যের স্থায় আলোকের এক একটা মধ্যবিন্দু এবং গতি ও ক্রিয়ার কেন্দ্র বলিয়া উপ-লব্ধ হয়। উহারা প্রত্যেকে ঈশ্বরদত্ত অপরিবর্ত্তনীয় নিয়মানুসারে আমাদের সৌরজগতের গ্রহধ্মকেতু-সদৃশ নিজ নিজ অধীনস্থ তারকা প্রভৃতিকে শাসনে রাথিতেছে।

যেমন পৃথিবীস্থ পদার্থ সকল যত দূর হইতে দূরে
গিয়া দৃষ্টিদীমার নিকটবর্তী হয়, তত অন্তান্ত ইন্দ্রিরের
অবিষয় হইয়া দৃষ্টির বিষয়মাত্র হইয়া থাকে; তেমনি
এই সমস্ত অসংখ্য জগৎ আলোকরিশা বর্ষণ দারা
কেবল দৃষ্টির বিষয় মাত্র হইয়া আমাদিগের সহিত
সম্বন্ধসূত্রে আবদ্ধ হয়। অসীম দূরতাবশতঃ তাহাদিগকে অসীম ক্ষুদ্র দেখায়। নক্ষত্ররাজির মধ্যে লুব্ধক
( sirius ) নামক নক্ষত্রকে অন্তান্ত নক্ষত্র অপেকা
উজ্জ্লতর দেখায়। ইহাকে খালি চক্ষেও যেমন
একটা বিন্দু বলিয়া বোধ হয়, তেমনি যে দূরবীন
কোন আয়তনকে লক্ষ্ণ্ডণ বৃদ্ধি করে সেই দূরবীণ

দিয়া দেখিলেও উহাকে পূর্ববাপেক্ষা বৃহৎ দেখায় না। কিন্তু আমরা ঠিক জানি যে, লুকক নক্ষত্রের স্থানে আমাদের এই সূর্য্য যাইলে তাহাকেও তদ্রপ বা তাহা অপেক্ষা হীনপ্রভ ক্ষুদ্র বিন্দুর মত দেখাইত।

সমুদ্রতীরস্থ বালুকারাশিসদৃশ যে তারকাসমূহ আকাশগভীরে বিছাইয়া আছে, ইহাদের পরস্পারের মধ্যবন্ত্রী দুরতা যে কত, জ্যোতির্বিছা তাহা এখনো নির্ণয় করিতে সমর্থ হয় নাই। আমরা এ বিষয়ে এই একটা মাত্র জানিয়াছি যে পৃথিবীর সর্ববাপেক্ষা নিকটবর্ত্তী যে তারকা, পৃথিবী হইতে উহার ব্যবধান পৃথিবী হইতে সূর্য্যের ব্যবধানের অথবা নয় কোটী মাইলের তিন লক্ষ গুণেরও অধিক। ইহা দারা জগ-তের সীমা কোথায় তাহা বুঝিতে পারি না, কিন্তু পরমেশ্বর বিশ্বমগুলের যে কতদূর পর্য্যস্ত আমাদের ক্ষুদ্র চক্ষুর আয়ত্তাধীন করিয়া দিয়াছেন তাহা বুঝিতে পারি। যতদূর আমরা জানিতে পারিয়াছি, অস্তরীক-গত জড়জগৎ-শৃথলা এইরূপ।

পাকাশ। মুহূর্ত্তের জন্ম সৌরজগতে পুনরায়

প্রত্যাবর্ত্তন করা যাউক। সূর্য্য এবং গ্রহগণের মধা-বৰ্ত্তী স্থাৰু জড়পদাৰ্থসংগঠিত নুহে; পৃথিবী বা বায়ু যেমন ভারবান্ জড়পদার্থে নির্দ্মিত অথবা নীরেট ও ভারী গ্রহ সকল যেরূপ পদার্থে সংরচিত হইয়াছে. এই মধ্যবৰ্ত্তী স্থানে তেমন কোন কিছু নাই; আমরা ইহাকে আকাশ বা শৃশ্য বলিব। আমরা কোন্ অর্থে আকাশকে গ্রহণ করিলাম ইহা বুঝা আবশ্যক। যে স্থানে ভারবান্ বা তুলবান্ বস্তু না থাকে: সেই স্থানকে শৃন্ত কহে। এখন, গ্রহ সকল বিনা বাধায় তাহাদের সূর্য্যপ্রদক্ষিণ-ক্রিয়া সম্পন্ন করে। তাহারা এমনু কোন পদার্থ সম্মুখে পায় না, এমন কাহাদের সহিত তাহাদের ঠেকাঠেকী হয় না, যাহাতে তাহাদের সময়ের নিয়মে ব্যাঘাত ঘটিতে পারে। ধূমকেতু সকল, যাহাদের ত্রব্যরাশি অতুলন পুরিমাণে অল্প এবং আয়তন অতুলন পরিমাণে অধিক, তাহাদের সম্বন্ধেও ঐ একই কথা। এই সকল ঘটনা প্রত্যক্ষ প্রমাণের খায় সাক্ষ্য দিতেছে যে পদার্থ সকল সর্ববত্র সমভাবে নাই, কিন্তু তাহারা গ্রহ্মগুলে এবং অস্থির, পরিবর্ত্তন-

শীল ধ্মকেতু ও উল্কাপিণ্ডে সংহতভাবে রাশীকৃতরূপে একত্র অবস্থিত আছে। অতএব তারকা ও-গ্রহগণের অবাধ গতিই উহাদের মধ্যগত স্থানের শৃশুতা অর্থাৎ তথায় অসম্বন্ধ পদার্থরাশির অসস্থাব প্রমাণ করিতেছে।

কিন্তু জগৎ তুই উপকরণে রচিত-এক, তারকা-গণ যে পদার্থ দারা নির্মিত অর্থাৎ ভারবান্ উপ-করণ: দ্বিতীয়, ভারহীন উপকরণ, যাহাকে আকাশ বা ব্যোম (ether) কহে। এই ব্যোম যেমন পৃথি-বীর সমুদয় স্থান জুড়িয়া আছে, তেমনি অন্তরীক্ষ-গত স্থানও জুড়িয়া আছে,—যাহার মধ্যে সৌর্জগৎ আপনার গতিক্রিয়া সম্পন্ন করে কেবল সেই স্থান নহে, কিন্তু অস্থান্ত সোঁরজগতের মধ্যবর্ত্তী শূন্ত, ফাহা আমাদিগের হইতে আকাশগহবরের অত্যন্ত গভীরগত তারাসমূহকে পৃথক্ করে, ইহা সেই শৃহ্যও পূর্ণ করিয়া থাকে; প্রত্যুত ইহা সমুদম পূর্ণ করিয়া থাকে, ইহা কেবল পদার্থের উপরিভাগে বন্ধ নাই; ইহা, বস্তু ভেদ করিয়া, স্থিতি ক্রিতেছে। কোন এক

সামগ্রীর মধ্যে রুঢ়িক বস্তু সকলকে যে ব্যবধান পৃথক্ করে, ব্যোম ঐ সমস্ত ক্ষুদ্র ক্ষুদ্র ব্যবধান-কেও পূর্ণ করে। যে সকল আণবিক ক্রিয়া দ্রব্যের গঠন ও রাসায়নিক যোগামুরাগ ( affinity ) নিয়মিত. করে, সেই সকল ঘটনার মধ্যেও, ইহার আংশিক প্রভুত্ব আছে। অনুক্রম তাপ, যাহা অত্যন্ত নীরেট কঠিন ও অভেছ পদার্থেও সংকোচ ও বিস্তার বিধান করে এবং রশ্মিময় তাপ, যদ্বারা পদার্থ সকল পরস্পরকে অনুভব করে, আপনাদিগের উষ্ণতা ও শীতলতা দূরে প্রচার করে, এই উভয়েতেই ব্যোমের কার্য্যকারিতা আছে। অতএব ব্যোম পৃথিবীর বক্ষের মধ্যে, সূর্য্যের মধ্যে, তারকার মধ্যে সর্ববত্রই আছে। কোন স্থানে ঐন্দ্রিয়ক বা নৈন্ধিন্দ্রিয়ক, স্বর্গীয় বা পার্থিব এমন একটা খণ্ড অণু বা পরমাণু নাই, যাহা ব্যোম ঘারা আচ্ছাদিত ও অনুবিদ্ধ নহে, যাহা ব্যোমের অধিষ্ঠানেই বিশেষ বিশেষ গুণসম্পন্ন হয় নাই। আলোকের উৎপত্তি। •এখন আলোক কিরূপে উৎপন্ন

হয়, তাহা এক কথায় বুঝান যাইবে। যেমন বায়ুর

স্পুন্দনে শব্দের, তেমনি ব্যোমের স্পন্দনে আলোকের উৎপত্তি। শব্দ কর্ণের গ্রাহ্ম, আলোক চক্ষুর
গ্রাহ্ম। আমরা ব্যোমের যেরপে লক্ষণ দিলাম, তাহাতে
ইহা ভারহীন পদার্থ, কিন্তু গতিহীন পদার্থ নহে
বলিয়া বোধ হইরে। ইহা চঞ্চল, সংকোচ্য ও স্থিতিস্থাপক এবং ইহা যে গতি প্রাপ্ত হয়, তাহা প্রচালন
করিবার পক্ষে ভারবান পদার্থ অপেক্ষা অতুলন গুণে
সক্ষম। ব্যোমের স্পন্দন অত্যন্ত ক্ষীণ না হইয়া অনেক
দূর পর্যান্ত অমুচালিত হইতে পারে।

এই স্পান্দন কিরুপে সম্পন্ন হয়, দৃষ্টান্ত দারা বুঝাইবার চেষ্টা করা যাক। এমন মনুষ্য নাই, যাহার দৃষ্টি কোন না কোন সময়ে কোন এক প্রশাস্ত নদী, সরোবর বা সমুদ্রের নিস্তরঙ্গ জলে সমাকৃষ্ট হইয়া বিস্মিতভাবে লক্ষ্য না করিয়াছে যে, অতি কুদ্র হিল্লোল পর্যাস্ত নিয়মিতরূপে সমতল জলরাশির উপরে উন্নত হইয়া পরিমিতবেগে নিকট হইতে দ্রে গড়াইতে গড়াইতে বর্দ্ধমান মগুলাকারে তীর পর্যাস্ত ধাবিত হয়। এই তরঙ্গরাশি ক্ষণস্থায়ী, মনে করিলে

ইহাকে কালব্যাপী করা যায়। কোন একটা চোঙার মত পদাৰ্থকে জলে ডুবাইয়া তাহাকে উঠিইলে নামাইলে তরুঙ্গরাশি কালব্যাপী হয়। ইহা দারা তরঙ্গ সকল যেমন ক্রমশ দূরে প্রক্রিপ্ত হুইতে থাকে, তেমনি নিয়ত নৃতন জন্মাইতে থাকে। এইরূপে সমু-দয় জলতল সম্বর মগুলাকার তরঙ্গে বিভক্ত হয়। স্পন্দনশীল চোঙা এই সকল তরক্ষের নাভিদ্রদশ। জলতলের প্রত্যেক অণু পর্যারক্রমে উচ্চ নীচ হও-য়াতে ঐরূপ তরঙ্গাকার লক্ষিত হয়। জল ঐ চোঙার স্পন্দনকে সম্পূর্ণ আরত্ত ও পুনরুদ্ভত করে। কিন্তু ইহা জানা আবশ্যক যে, যেদিকে তরঙ্গ প্রচারিত হয় সেই দিকের লম্বভাবে জলের স্পন্দনক্রিয়া সম্পন্ন হয়। ' এখন, স্পন্দমান নাভিদেশ হইতে তরঙ্গ তীরাভিমুখে অর্থাৎ চক্রবাড়্দিকে বিস্তৃত হয়; স্কুতরাং স্পন্দন ক্রিয়া উদ্ধাধোদিকে হয়।

ভারবান্ পদার্থ জলের বিষয়ে উপরে যাহা বলা গেল, তাহা হইতে ব্যোমের প্রতিক্রিয়ার স্থূল আভাস মাত্র পাওয়া যায়, ব্যোমের প্রতিক্রিয়ার অস্ততঃ কতকটা ভাব বুঝা যায়। জলের ভায় ব্যোমেও স্পন্দিত গতি ক্রমে দূরে প্রসারিত হয় ব্যামেও স্পন্দন একটা নির্দ্ধিট বেগবিশিষ্ট গতিতে প্রচারিত হয়; পরিমিত সময়ের মধ্যে স্পন্দন হয় এবং তরঙ্গের পরিমিত দৈর্ঘ্য আছে। তবে প্রভেদ এই যে, ব্যোমের তরঙ্গে মধ্যবর্ত্তী পদার্থ অত্যধিক 'গুণে স্থিতি স্থাপক হওয়াতে গতির বেগ অত্যধিক গুণে অধিক হইবে, কিন্তু তেমনি তরঙ্গের দৈর্ঘ্য ও স্পন্দনের সময়টা অত্যধিক পরিমাণে ক্ষুদ্র হইবে।

অতএব সূর্য্যের উপরে যে সকল দিন্তিময় পদার্থরাশি আছে, তাহারা অবিশ্রামে ও অবিচ্ছেদে ব্যোম পদার্থের মধ্যে নির-স্তর স্পন্দনক্রিয়া উত্তেজিত করে। এই স্পন্দন ক্রমে দূরে সঞ্চারিত হয়়। যতক্ষণ না উহা ভারবান্ পদার্থ কর্তৃক প্রতিরুদ্ধ হয়, ততক্ষণ সর্ববিদকে অন্তরীক্ষে প্রচারিত হয়। যে সকল স্পন্দন আমাদের বায়্মপ্রলের সীমায় আসে, তাহায়া বায়ু ভেদ করিয়া, উহার সমুদয় ঘনত্ব অতিক্রম করিয়া পৃথিবীর কঠিন

মৃত্তিকাতে আসিয়া আঘাত করে। এখানে উহারা নানা পরিশাম প্রাপ্ত হয়। যে সকল পদার্থ স্পান্দন সকলকে আপনাদের মধ্য দিয়া যাইতে দেয় তাহা-यष्ट काशास्त्र वरत ? मिगरिक श्रष्ट भागर्थ दृद्ध ; याशात्रा স্পান্দনের কতক অংশ শোষণ করে তাহারা অস্বচ্ছ এবং যাহারা স্পান্দনকে একেবারে নির্ববাণ করিয়া দেয় তাহারা কুফাবর্ণ পদার্থ। এমতে চক্ষু স্বচ্ছ পদার্থ ঘারাই রচিত। স্পন্দনগতি উহাকে ভেদ করিয়া স্নায়বীয় পদার্থ নির্শ্মিত দৃষ্টিপটে আঘাত দিয়া স্নায়ুজালের গুচ্ছকে কম্পিত করে। এইরূপে চকুর অস্তব্বস্থ যে ব্যোমের সঙ্গে বিশ্বব্যাপী ব্যোমের নিরস্তর যোগ আছে. সেই ব্যোমকম্পন দ্বারা আমরা জ্যোতি অমুভব করি, পদার্থদিগকে প্রভেদ করিয়া চিনি, বুক্ষ দেখি, আকাশ আলোচনা করি। যে সকল তরঙ্গ আমাদের চক্ষুর মণিচিছন্ত ভেদ করিয়া যায়, তাহারা যে কি আশ্চর্য্যকর কৌশলে চক্ষুসম্মুখস্থিত তাবৎ পদার্থের আশ্চর্য্য প্রতিমা অঙ্কিত করে, যাহা দ্বারা আমরা পদার্থ স্কলকে একভাবে স্পর্শ করিয়া দেখি ও জানি, দৃষ্টিবিভার বিবরণ পাঠে আমরা তাহা অবগ্ ভ হইতে পারি।

ক্ষান্দনগতির ক্রভতা্মুসারে যে জ্যোতিস্তরঙ্গের দীর্ঘক্রস্বতা হয়, তদ্বারা নানা প্রকার বর্ণ উপলক্ষিত হয়। সর্ববাপেক্ষা দীর্ঘ তরঙ্গের সঙ্গে লোহিত বর্ণের ঐক্য এবং সর্ববাপেক্ষা ক্ষুদ্র প্রবাহের সঙ্গে বেগুনী বর্ণের ঐক্য আছে। অতএব কর্ণের সম্বন্ধে যেমন মন্দ্র ও তার স্বর, চক্ষুর সম্বন্ধে তেমনি লোহিত ও বেগুনী বর্ণ। অত্যন্ত স্ক্র পরীক্ষা দ্বারা তরঙ্গের দীর্ঘতা নির্ণীত হইয়াছে—নিম্নের তক্তিতে সেই সকল পরীক্ষা-ফলের সমষ্টি দেওয়া হইল।

শ্যাম	8৯২
नीन	869
বেগুনী	89৯
গাঢ় বেগুনী	8.6

সূর্য্যের আলোক এবং সামান্তত শৈত আলোক মাত্রই পূর্বেবাল্লিখিত তাবৎ বর্ণের যোগে উৎপন্ন হয়, স্থতরাং ঐ সকল তরঙ্গের সমষ্টি দ্বারা রুচিত। কোন দ্রবাই প্রাপ্ত তরঙ্গকে পরিবর্ত্তিত করিতে পারে না, উহা কেবল তাহাদিগকে শোষণ বা নির্ববাণ করিয়া তাপে পরিণত করিতে পারে: যাহাদিগকে না নির্বাণ করে তাহাদিগকে পুনঃ প্রেরণ করে—তাহাই আবার সেই দ্রব্যের বর্ণ হয়। যখন কোন দ্রব্য লোহিত বর্ণের তরঙ্গ অপেক্ষা অন্যান্ত বর্ণের তরঙ্গদিগকে অধিক নির্ববাণ করে, তখনই সেই দ্রব্য লাল দেখায়। যে ज्ञवा निञ्जत, हति वा नीन (प्रथाय, जाहा निञ्जत, হরিৎ বা নীল বর্ণের তরঙ্গ অপেক্ষা অস্থান্য বর্ণের তরঙ্গ সকলকে অধিক পরিমাণে নির্বাণ করে। পার্থিব সমস্ত পদার্থ যখন.একমাত্র সূর্য্যের আলোকেই

প্রকাশিত হয়, তখন তাহাদিগের বিভিন্ন বর্ণই সূর্য্যের আলৌকমাত্র। সূর্য্যের আলোক যে বিবিধ বর্ণের সমষ্টি, তাহার প্রমাণ এই যে, প্রকৃতির বিবিধ রাজ্যে আমরা যত প্রকার বর্ণ দেখি, এক সূর্য্যের আলোক বিবিধ রূপে থিশ্লিফ বা মিশ্রিত করিয়া সকলই প্রস্তুত করা যায়।

আলোকের গতি এত দ্রুত যে আলোকের গতি। এত দ্রুত যে অনেক দিন পর্যান্ত আলোকের প্রচার তাৎক্ষণিক বলিয়া বোধ ছিল; কিন্তু এখন কোন এক পরিমিত স্থান অতিক্রম করিতে আলোকের কত সময় লাগে তাহা নির্ণীত হইয়াছে। ১৬৭৫ খৃষ্টাব্দে এই স্থন্দর আবিক্ষার সর্ব্বপ্রথম ঘটে; রোমার (Romer) নামক দিনামার জ্যোতির্বিৎ ইহার আবিক্র্তা। এই আবিক্ষারের তথ্য বোধগম্য করিবার চেষ্টা করা যাউক।

সৃ সূর্য্যের প্রতিভূ; প ফ ব ভ ম য পৃথিবীর কক্ষ; র বৃহস্পতিগ্রহের স্থান—এই গ্রহ সূর্য্য হইতে পৃথিবীর ব্যবধান স্পপেক্ষা পাঁচ গুণ দূরে অর্থাৎ প্রায় ৬০০ নিযুত মাইল
দূরে অবস্থিতি করে। যেমন চন্দ্র
পৃথিবীকে প্রদক্ষিণ করে সেই
রূপ রহস্পতির চন্দ্র রহস্পতির
চতুর্দিকে প্রদক্ষিণ করে; কিন্তু
রহস্পতির চন্দ্রের বেগ অধিকতর
এবং তাহার সম্পূর্ণ প্রদক্ষিণের
সময় অপেক্ষাকৃত অল্প—কেবল
৪২ ঘণ্টা ২৮ মিনিট ও ৩৫ সেকেণ্ড
অথবা স্থুলত সাড়ে বেয়ালিশ
ঘণ্টা লাগে। ঐ উপগ্রহের গ্রাস



১৯শ চিত্ৰ।

ও পরে মৃক্তাবস্থার মধ্যে যে সময় লাগে তাহা দ্বারা আলোকের গতির বেগ নির্ণীত হইরাছে। যখন উপগ্রহটী রহস্পতিগ্রহের ছায়ার মধ্যে প্রবিষ্ট হইয়া অদৃশ্য হয়, তখন তাহার গ্রাস বলা যায়; যখন উহা ঐ ছায়া হইতে মৃক্ত হইয়া সৃর্য্যালোকলাভে চক্চক্ করিতে থাকে, তখন তাহার মৃক্তাবস্থা। উত্তরায়ণের ( summer solstice ) কিছু পরে যখন পৃথিবী

আপন কক্ষের ফ বিন্দুতে আসে তখন ঐ উপগ্রহকে একবার মুক্তাবস্থায় দেখিতে পাওয়া যায়; সেইদিন ও লগ্ন একেবারে ঠিক করিয়া লিপিবদ্ধু করিতে হয়। ইহার তিন মাস পরে যখন পৃথিবী নিজ কক্ষে ভ্রমণ করিতে করিতে ব বিন্দুতে আসে তখন আবার এক বার উপগ্রহের মুক্তাবস্থা দেখা যায়। ইহা প্রথম মুক্তাবস্থা হইতে পঞ্চাশত্তম মুক্তাবস্থা; স্নতরাং এই শেষ মুক্তাবস্থা ৪২ ঘণ্টা ২৮ মিনিট ৩৫ সেকেণ্ডের ৫০ গুণ সময়ে ঘটা উচিত কিন্তু সেই সময়ে উহা ঘটিতে দেখা যায় না—উহা কতক মিনিট বিলম্বে ঘটে. পৃথিবীর অধিক বা অল্প পথ গমনামুসারে ৮ বা ১০ মিনিট বিলম্ব হয়। এই বিলম্বের অন্ত কোন কারণ নাই—কেবল উপগ্রহের আলোক ছ হইতে ফ তে আসা অপেক্ষা ছ হইতে বতে আসিতে অধিক পথ অতিক্রম করিয়া আসিতে হয়, এই জন্ম ঐ টুকু অধিক বিলম্ব হয় এই মাত্র। এমতে ফ হইতে বতে আসিতে আলোকের যে সমগ্ন লাগে তাহা ব্যক্ত হয়। পৃথিবীর কক্ষ সম্বন্ধে ফ ব একটা জ্যা (chord,)

বাহার দৈর্ঘ্য মাইলে জানা আছে। অতএব ইহা হইতে গণনা করিয়া জানা যায় যে এক সেকেণ্ডে আপলোক কত দূর যায়। গণনা দারা দেখা যায় যে আলোক এক সেকেণ্ডে ১৯০০০০ মাইল গমন করে। এইরূপ ক্রতবেগে আলোক প্রচারিত হয়।

এই সিদ্ধান্ত উক্ত বৎসরের দিতীয়ভাগে আরও সপ্রমাণ হয়। দক্ষিণায়নের (winter solstice) কিছু পরে ব বিন্দুতে উপগ্রহের গ্রহণ সন্দর্শন করিয়া যদি তাহার তিন মাস পরে ম বিন্দুতে পুনরায় গ্রহণ দেখা যায় তাহা হইলে পূর্বব গ্রহণ অপেক্ষা এই শেষোক্ত পঞ্চাশতম গ্রহণ কিছু শীঘ্র দেখা যায়; ৪২ ঘণ্টা ২৮ মিনিট ৩৫ সেকেণ্ডের ৫০ গুণ বিলম্বের অপেক্ষা করে না, কারণ এবার আলোকের ম য জ্যা কম আসিতে হয়—এই জ্যার দৈর্ঘ্য ফ ব জ্যার দৈর্ঘ্যের স্থায় গণনা দ্বারা জানা যায়। এই সিদ্ধান্তফল উত্তম উত্তম যন্ত্র সহকারে অনেকানেক পরীক্ষা ছারা স্থিরী-কৃত হইয়াছে।

यनिष्ठ পृथियीत পृष्ठि ১৯० माहेल वाबधानयूक

এমন চুই স্থান নিরূপণ করা অসম্ভব বলিলেই হয়, যেখান হইতে পরস্পারকে দেখা যাইতে পারে: কিন্তু যদি তাহা হইত, তাহা হইলে মনোগতিসদৃশ আলোক-গতি এক সেকেণ্ডের সহস্রাংশ সময়ে উহা উল্লঙ্খন করিত। আলোক যদি রহস্পতি হইতে পৃথিবীতে তৎক্ষণাৎ পর্য্যটন করিত, তাহা হইটো উপগ্রহের গ্রাস বা বিষ্ঠুজন ঘটনার সঙ্গে সঙ্গেই দেখিতে পাইতাম। কিস্ত্র-রোমর দেখিলেন যে, যখন বৃহস্পতি হইতে পৃথিবী দূরতম অংশে থাকে, তখন ঐ ঘটনা ১৬ মিনিট ৩৬ সেকেণ্ড বিলম্বে দৃষ্ট হয়। এখন, ১৯শ চিত্রের প্রতি দৃষ্টি করিলে দেখা যাইবে যে পুথিবী যখন সূর্য্যের সমান রেখায় এবং সূর্য্যের যে দিকে বৃহস্পতি সেই দিকে থাকে তখনই পৃথিবী বৃহস্পতির নিকটতম স্থানে থাকে। আর যথন উভয়গ্রহ সূর্য্যের সমরেখায় কিন্তু পরস্পর সূর্য্যের তুই বিপরীত দিকে থাকে তথনি পৃথিবী বৃহস্পতির দূরতম দেশে থাকে। এমতন্থলে এই দূরতম ও নিক্টতম স্থানদ্বয়ের ব্যব-ধান পৃথিবীকক্ষের ব্যাস। এই হেডু রোমর বিভর্ক করিলেন, আলোকরশ্মির পৃথিবীকক্ষের ব্যাস পার হইতে ১৬ মিনিট ৩৬ সেকেণ্ড লাগে। ইহা হইতে গণনা করা, যাইতে পারে, আলোকের বেগ প্রতি দেকেণ্ডে ১৯০০০ মাইল।

সাক্ষাৎ পরীক্ষা দারাও আলোকের ফিলোর পরীকা। ু বেগ নিরূপিত হইয়াছে। ত্**ন্য**ধ্যে ফিজোর যন্ত্র অনায়াসে বোধগম্য হইবে। মনে কর একটা খাঁজকাটা চাকা আছে, তাহার তুইটা দাঁতের মধ্যস্থ ফাঁক দিয়া আলোককিরণ প্রেরণ করা গেল। উহার কতক় দূরে একটা আয়না আছে। তাহার উপর ঐ আলোক এমতভাবে ফেলা গেল যে উহা প্রতিফলিত হইয়া ঠিক যে পথ দিয়া আসিয়াছিল শেই পথে প্রত্যাবর্ত্তন করিয়াঁ সেই চুই দাঁতের ফাঁক দিয়াই আবার প্রবেশ করিল। এখন যদি ঐ দস্তর ঢাকাকে অত্যন্ত বেগে ঘুরান যায় তাহা হইলে ঐ আলোককিরণ আয়না হইতে যখন ফিরিয়া আসিবে, তখন পরবর্ত্তী দাঁতের দারা প্রতিরুদ্ধ হইয়া তাহা ফাঁকের মধ্য দিয়া গলিতে পারে না।

এইরপ ঘটিবে কি না, তাহা দাঁতের ফাঁকের মধ্য দিয়া আলোককিরণের আয়নাতে যাইবার ও ফিরিয়া আসিবার সময়ের উপর এবং ঐ চাকাক্রে ঘুরাইবার বেগের উপর নির্ভর করে। ফিজো এমন করিয়া পরীক্ষা করিয়াছিলেন যে তিনি প্রত্যাবৃত্ত আলোককিরণকে প্রতিরোধ করিতে পারিয়াছিলেন এবং ঐ দন্তবৎ কক্রের ঘূর্নবিগে অবগত থাকাতে তিনি চাকার দাঁতের ফাঁকের মধ্য হইতে আলোককিরণের আয়নায় গিয়া ফিরিয়া আসিবার সময় গণনা করিতে পারিয়াছিলেন এবং এইরূপে তিনি আলোকের বেগ পরিমাণ করিয়াছিলেন।

সূর্য হইতে পৃথিবীতে আসিতে আলোক পৌছিতে বিভিন্ন আলোকক দ মিনিট ১৮ সময় লাগে।

সেকেণ্ড লাগে। অতএব ৮ মিনিট ১৮ সেকেণ্ড পূর্বেব সূর্য্য যেখানে ছিল সেইখানে আমরা সূর্য্যকে দেখিতে পাই।

সূর্য্য হইতে আলোককিরণৈর ভিন্ন ভিন্ন গ্রহে পোঁছিতে ভিন্ন ভিন্ন সময় লাগে। বৃহস্পতিতে যাইতে ৮ মিনিট ১৮ সেকেণ্ডের ৫ গুণ সময় লাগে; শনিতে বাইতে ৯-গুণ এবং ইন্দ্রে (Neptune) বাইতে ৩-গুণ সময় লাগে।

সূর্য্য হইতে পৃথিবী যত দূর, পৃথিবী হইতে তারাগণের দূরতা তদপেক্ষা তুই লক্ষ গুণেরও অধিক
হওয়াতে, সর্ব্বাপেক্ষা নিকটতম তারা হইতে আমাদিগের নিকট আলোক আসিতে ৮ মিনিট ১৮.সেকেতেওর তুই লক্ষ গুণেরও অধিক, প্রায় সাড়ে চারি
বৎসর সময় লাগে।

ইহা অত্যন্ত সন্তবপর যে, এমন অনেক দৃশ্যমান তারা আছে যাহারা এই ন্যুনকল্প সীমার বহুশতগুণ দূরে অবস্থিত আছে এবং স্কৃতরাং তাহাদিগের আলোক পৃথিবীস্থ দর্শকদিগের গোচর হইতে বহু শতাব্দী কাল অতিবাহিত হয়। এমতে ঐ সকল দূরদূরস্থিত বহুদায়তন প্রকাণ্ড প্রকাণ্ড সূর্য্য পরিবর্ত্তিত, উৎপাত্তরন্ত বা একেবারে নির্বাণপ্রাপ্ত হইতে পারে, তথাপি আমরা পরে বহু শতাব্দপর্যন্ত তাহাদিগকে বাস্তবিক বর্ত্তমান বলিয়া গ্রহণ করিব।

### দৌরজগতের স্থূলতত্ত্ব।

নিম্নলিখিত ভক্তিতে সৌরজগতের স্থূলতৰগুলি সঙ্কলিত হইল; ইহা প্রাকৃতিক গবেষণাতে অনেক সময় প্রয়োজনে আইসে।

ক্ষুদ্র ক্ষুদ্র গ্রহের বিষয় এই মাত্র বলিলেই প্রচুর হইবে যে, আজ পর্য্যস্ত তাহাদের ন্যুনাধিক ৪০০ সংখ্যা স্নাবিদ্ধত হইয়াছে।

নাম	न्र्या <b>२३८७</b> मधुम <b>न्</b> रुष	প্রদক্ষিণ কাল	ব্যাস (মাই <b>ল)</b>	সাজতা।
বুধ	ee.	r1 21 )	२৯৯२	3.23
<b>6</b> 4	.92	२ २8-१•	9660	-76
পৃথিবী	3.00	96.54	मिन १৯১৮	>
মকল	3.65	44.94 J	84>>	.98
বৃহ <b>স্পতি</b>	e-2•	33.40 7	ku	-28
শৰি	à-e8	२৯ ८७	9.6	-20
বঙ্গণ	29-28	₩8.02	বৎসর ৩১৭০০	<b>₁₹</b> ●
रेख	90.0€	368.94	. 086	-3 •
erfe	থকী কউলক			

	মধ্যম দূর্জ (মাইল)	ব্যাস (মাইল)	<b>অ</b> য়িতন	ওজন	অকাষ্ট্ৰকা
<b>ह</b>	₹8••••	2500	20	F-0	293
পৃথিবী	-	4974	> •	2	3
च्या	25		>2	۹۰	24
		55	571.0t I		

# পরিভাষা।

+ অধিশ্রয় অভিমূথত। অনুক্রম তাপ

অণু

অধ্যাহার্য্য বিষয় অধ্যাহার্য্য বিজ্ঞান

\* অজনক

\* অকুণক

অঞ্চন

অসবর্ণ

অবচ্ছ

অসমান

অবস্থান

অপ্

আকর্ষণ

আণবিক ক্রিয়া

আ্বালক

আকার আপেকিক

আয়তন

আলোক

আন্দোলন ইন্দ্রিয়বোধ

+ ইন্ত ( গ্ৰহবিশেষ )

উপগ্ৰহ

focus.

direction. ordinary heat,

molecule.

abstraction.

metaphysics.

hydrogen.

bromine.

antimony.

heterogeneous.

opaque.

irregular.

position.

attraction.

molecular action.

arsenic.

shape, form.

relative.

light.

vibration.

sensation.

Neptune.

satellite.

#### ১০৪ প্রাকৃতিক বিজ্ঞানের স্থূল মর্ম্ম।

উপধাতৃ
উত্তাপ বা উক্তা
একধাস্পনীন
ওলন যন্ত্ৰ কলাই
• করকাবিজ্ঞান
কর্ণপটহ

কক্ষরেথা কলফ কঠিন কেন্দ্র কুজা কুফারস \* ক্রোমক

থাড়া + থটক \* থটকা গতি

গৰুকক্তাবক \* গৰীন গ্ৰন্থি গ্ৰন্থ

123

चर्रन च्निम्छ, शाकमछ, च्निका एवड

চক্ৰবাড়্দিপ্ৰজী বা সমচালৰ্জী চাপ non-metal.
temperature.
single vibration.
plumbline.

alloy.

crystallography. tympanum. orbit.

spot. solid, pole. flask. steel.

chromium.
perpendicular.
calcium.

lime. motion. sulphuric acid. sulphide.

sulphide.
node.
planet.
property.
friction.
screw.
circuit.
horizontal.
pressure.

চাক্তি	plate.
CETE	cylinder.
চৌম্বক	magnetism.
কড়পদার্থ	inert matter.
ব্যা	chord.
<ul><li>को वन विद्धान</li></ul>	physiology.
र्गार्ड	mode.
তক্তি	table.
তরক	wave.
তন্ত্ৰী	string.
ত রল	liquid.
ভাড়িত	electricity.
তাপ	heat.
তাপমান	thermometer.
তাড়িতচৌশ্বক	electromagnetism.
ভাড়িতশ্রোত	electric current.
ভীক্ষতা ( শব্দের )	intensity.
তাপাচ্ছ	diathermanous.
<b>ভারশ্ব</b> র	high notes.
ভারকা	star.
তৃণমণি	amber.
<b>ণাক</b>	layer.
দণ্ড ( চোঙার ভিডরে )	piston.
দন্তা বা যশদ	zinc.
<ul><li>मधीन</li></ul>	oxide.
<b>+ मर्क</b>	oxygen.
<b>দিন্তর</b>	toothed.
मिथीकन वा मिथीन	magnetic compass.

#### ›•**৬** প্রাকৃতিক বিজ্ঞানের স্থূ**ল মর্ম্ম**।

\* দীপক **मोश्यि**श्र জাবক \* দৃষ্টিপট मृहिविचा। মুৰত| দৈর্ঘ্য ধন্ম ক ধাতু ধারক ধুমকেডু নাভিনিন্দু নারাজী नोम মাজদর্পণ নে মিদেশ \* 9面季 \* পত্রিকা পরমাণু পরিচালক পরিমাণ পতর পিচ 奪 রি প্রতিফলিভ প্রকা প্রদার বা প্রসার্যাতা প্রসারণীশক্তি 98

fluorine. luminous. acid. retina. optics. distance. length. how. metal. insulator. comet. centre orange. indigo. concave mirror. periphery. potassium. potash. atom. conductor. magnitude. plate. syringe. reflected. brightness. cange, amplitude. expansibility. surface.

<b>भव</b>	platinum.
* <b>क</b> िक	aluminium.
ফানস	bulb.
* वङ्ग	Uranus ( গ্ৰহবিশেষ )
বহ্নি	fire.
বৰ্ণ	colour.
বল	force.
বহুমৎ	bismuth.
ব <b>হ্নি</b> মান	pyrometer.
<b>बाक्र</b> नी	alcohol.
বাষ্প	vapour.
বাপীয়	gaseous.
বায়ু	air.
ব্যাস	diameter.
ৰায়ুমণ্ডল	atmosphere.
বিস্তার	expansion.
বিকৰ্ষণ	repulsion.
বিষ্ণাজ্যতা	divisibitity.
বিশ্ব	disc.
विज्ञामदत्रथा वा मिक्कदत्रथा	nodal line.
বেগ	velocity.
বেণ্ডনী	violet.
* বোর <b>ক</b>	boron.
ব্যোম, আকাশ বা শৃষ্ঠ	ether.
ভার	weight, gravity.
ভারবান্	ponderable.
<b>"ভারহীন</b>	imponderable.

atmosphere.

জুবলোক

#### প্রাঞ্চতিক বিজ্ঞানের স্থল মর্ম।

ভূত
ভূগোলচৌম্বক
\* ভৌম ক
মধ্যস্থ
\* মকতক
\* মহাক
\* মকতিম
মন্দ ( স্পান্দন )
মন্দ্র ( স্বর )
মধ্যম
মরূৎ পদ.র্থ

মণিছিত্ত

ববক্ষার জাবক বা মক্তভাবক

বোগামুরাগ

বৌগিক বা সক্ষত

ব্ৰক

201

রচনাপ্রণালী

দ্বশিষয় ভাপ বা ভাপকিরণ

রেণু রোহিতক ক্রঢ়িক পদার্থ লগ্ন

শগ্ন লাগবাঁট লাটাই লুক্ক

লোহভন্ম শব্দ elements.
terrestrial magnetism.

tellurium.
medium.
nitrogen.
magnesium.
nitrate.

grave notes.

slow.

gaseous objects.

muscle.
pupil.
nitric acid.
affinity.
compound.

tin.

composition.

particle.
iodine.
element.
instant.
armature.
solenoid.

Sirius ( প্রহবিশেষ ) oxide of iron. sound. শন্ধবিজ্ঞান শিলিক শোষণ ভাম শ্ৰবণ স্নায়ু

সংস্থাচ সর্ক্ষা সদৃশ

সমগোলঢাল সমাস্তরাল রেগা

সমতা বা সামপ্রস্তা ধারা

সর্জিকা সাম্রতা সবর্ণ সংবৃত সংবৃত

সংলগ্নতা সচ্ছিত্ৰ • স্পন্দন \* সোমক স্বায়ু •

ন্ত ন্ত্ৰ কচ্চ

ম্বর্লোক স্থায়িডভাব স্থিতিস্থাপক

ম্পন্তাল

ক্ষুরক হরিৎ acoustics.

silicon. absoption.

blue.

auditory nerve.
contraction.
sodium.
similar,
spherical.
parallel lines.

equilibrium, soda. density.

homogeneous, insulated, continuity, porous, vibration, selenium, nerve, voltaic pile,

transparent.
celestial sphere.
constancy.

elastic.

vibrating segment.

phosphorus. green.

### প্রাক্বতিক বিজ্ঞানের স্থূল মর্ম্ম।

হরিজা
\* হরিজীন
হরিজক
হিলোল
কিভি
কারবান্

>>6

yellow.
chloride.
chlorine.
undulation.
earth.
alkaline.



## বিজ্ঞাপন।

নিম্নলিখিত প্তকগুলি কলিকাতা, যোড়াসাঁকো, ৫৫ নম্বর
অপার চিৎপুর রোড আদি ত্রাহ্মসমাজ কার্যালয়ে শ্রীযুক্ত
হরেক্ষণ গঙ্গোপাধ্যায়ের নিকট অধবা ৬ নম্বর মারকানাথ
ঠাকুরের গলি, যোড়াসাঁকো, ঠিকানায় শ্রীযুক্ত ক্ষিতীক্রনাথ
ঠাকুরের নিকট প্রাপ্তব্য।

অধ্যাত্মধর্ম ও অজ্ঞেয়বাদ শ্রীক্ষতীন্দ্রনাথ ঠাকুর প্রণীত। মৃণ্য ৮০ বার আনা, মাঃ অর্দ্ধ আনা। ইহাতে হার্বাট স্পেন্সর প্রভৃতি পাশ্চাত্য অজ্ঞেয়বাদীদিগের নাস্তিক্যপ্রবণ মত থগুন করিয়া ভারতের সনাতন অধ্যাত্মধর্মের শ্রেষ্ঠত্ব প্রতিপীন করিবার চেষ্টা করা গিয়াছে।

রাজা হরিশ্চনে . শ্রীক্ষণীক্রনাথ ঠাকুর প্রণীত।
ম্লা ১০ ছই আনা; মা: অর্দ্ধ আনা। কর্লিয়াটোলা লাইবেরীর কোন বিশেষ অধিবেশন উপলক্ষে প্রার রঙ্গমঞ্চে
পঠিত। ইহাতে ধারাবাহিক ভাবে বেদ অবধি ক্রভিবাস
রামারণ পর্যান্ত হরিশ্চন্ত কথার উৎপত্তি ও বিস্তৃতি প্রদর্শিত
হইরাষ্ট্রে। উপসংহারে পৌরাণিক হরিশ্চন্ত কথার নির্ত্তি
ভাবের শ্রেষ্ঠত্ব প্রতিপন্ন করা হইরাছে।

শ্রীমন্তগবদ্দীতা (শ্রীধরষামীকৃত স্থবোধিনী টীকা দমেত) শ্রীক্ষতীক্রনাথ ঠাকুর কর্তৃক সম্পাদিত এবং রামারণের, স্থানিক অমুবাদক পণ্ডিতবর শ্রীযুক্ত হেমচক্র বিভারত্ব কর্তৃক বঙ্গামবাদিত। ইহার স্থানির্ঘণ ভূমিকাতে গীতার প্রক্ষিপ্ততা সম্যক্ থণ্ডিত হইরাছে এবং অনেকগুলি ধর্ম্মত স্থমীমাংসিত হইরাছে। ইহাতে শ্লোক ধরিরা একটি স্থদীর্ঘ স্থচীপত্রও সরিবিষ্ট হইরাছে। মূল্য ১১ এক টাকা মাত্র, মাঃ ৮০ ছই আনা। সংবাদপত্রাদিতে বিশেষ প্রশংসিত।

জ্ঞান ও ধর্ম্যের উন্ধতি ( শ্রীমন্মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের উপদেশ ) শ্রীক্ষিতীক্রনাথ ঠাকুর কর্তৃক লিখিত। মূল্য ॥ ৮ দশ আনা, মাঃ ৮ এক আনা। কলিকাতা রিবিউ প্রভৃতি সকল সংবাদপত্তে একবাক্যে প্রশংসিত।

শতদল—(কবিতা পুস্তক) শ্রীহিতেক্রনাথ ঠাকুর প্রণীত, মূলা ॥४० দশ আনা মাত্র, ডাঃ মাঃ অর্দ্ধ আদা। সংবাদ প্রতাদিতে বিশেষ প্রশংশিত।

ত্রিশূল—(কবিতা প্তক) শ্রীহিতেক্সনাথ ঠাকুর প্রণীত, মূল্য ॥ ত্থাট আনা মাত্র ডাঃ মাঃ অর্দ্ধ আনা।

আমিষ ও নিরামিষ আহার—(রন্ধ্রিষর্ক নূতন পুরুক) (যন্ত্রন্থ) শ্রীমতী প্রজাত্মন্দরী দেবী প্রণীত।